বিবিএস মাসিক ভিত্তিতে কৃষি মজুরি হার সংক্রান্ত পরিসংখ্যান প্রণয়ন করে থাকে। কৃষি মজুরি হার সংগ্রহের জন্য প্রতি উপজেলা হতে নমুনা ভিত্তিতে ১০ জন কৃষি দিনমজুরের সাক্ষাৎকারের ভিত্তিতে উপজেলার কৃষি মজুরের হার নিরূপণ করা হয়। কৃষি দিনমজুর পাওয়া না গেলে যারা কৃষি কাজের জন্য দৈনিক ভিত্তিতে মজুর নিয়োগ করেছেন এমন কৃষকের নিকট থেকে তথ্য নেয়া হয়। ১৫ বছর এবং তদূর্ধ্ব বয়সের পুরুষ এবং মহিলা শ্রমিকের মজুরি হার আলাদা আলাদা নেয়া হয়। সকল জেলার মজুরি হার পাওয়ার পর এর ভিত্তিতে বাংলাদেশের কৃষি মজুরি হার নিরূপণ করা হয়।

**২০২০ সনের খোরাকী ছাড়া এবং খোরাকী সহ পুরুষ ও মহিলা ভেদে কৃষি মজুরির হার নিম্নরূপঃ**

(পারিশ্রমিক টাকায়)

| ক্র: নং | মাসের নাম | খোরাকীসহ | | | | | | খোরাকী ছাড়া | |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | একবেলা | | দুইবেলা | | তিনবেলা | | | |
| | | পুরুষ | মহিলা | পুরুষ | মহিলা | পুরুষ | মহিলা | পুরুষ | মহিলা |
| ০১. | জানুয়ারি/ ২০২০ | ৩৯২ | ২৯২ | ৩৮১ | ২৯০ | ৩৭৮ | ২৮৯ | ৪১৮ | ৩১৬ |
| ০২. | ফেব্রুয়ারি/২০২০ | ৩৯৮ | ৩০২ | ৩৭৭ | ২৯৪ | ৩৭৯ | ২৮১ | ৪১৯ | ৩০৯ |
| ০৩. | মার্চ/ ২০২০ | ৪০২ | ৩০৫ | ৩৯১ | ৩০৩ | ৩৭৪ | ২৯৭ | ৪২২ | ৩১৬ |
| ০৪. | এপ্রিল/ ২০২০ | ৪১৪ | ৩০৯ | ৪০০ | ৩১১ | ৩৯৩ | ৩২১ | ৪৪৮ | ৩৩৮ |
| ০৫. | মে/ ২০২০ | ৪২৭ | ৩২৭ | ৪১৬ | ৩২৬ | ৪০৫ | ৩৩১ | ৪৫৩ | ৩৪৯ |
| ০৬. | জুন/ ২০২০ | ৪০৫ | ৩১০ | ৪০২ | ৩০২ | ৩৮৫ | ৩০৩ | ৪৩১ | ৩২৪ |
| ০৭. | জুলাই/ ২০২০ | ৩৮৭ | ৩০৫ | ৩৮৪ | ৩০১ | ৩৭৭ | ২৮৫ | ৪০৯ | ৩১২ |
| ০৮. | আগস্ট/ ২০২০ | ৩৮৭ | ৩০১ | ৩৮০ | ২৮৬ | ৩৭৩ | ২৮৭ | ৪২২ | ৩০৯ |
| ০৯. | সেপ্টেম্বর/ ২০২০ | ৩৮২ | ২৯৫ | ৩৮০ | ২৮২ | ৩৭০ | ২৫৭ | ৪১২ | ৩১৬ |
| ১০. | অক্টোবর/ ২০২০ | ৩৮৩ | ২৯৯ | ৩৭৮ | ২৮৩ | ৩৬৭ | ২৮৪ | ৪১৪ | ৩০৭ |
| ১১. | নভেম্বর/ ২০২০ | ৩৮৯ | ৩১১ | ৩৯০ | ৩০৩ | ৩৮০ | ২৮৬ | ৪২৪ | ৩২৮ |
| ১২. | ডিসেম্বর/ ২০২০ | ৩৯৪ | ৩০৯ | ৩৯৭ | ৩০৩ | ৩৯২ | ২৯১ | ৪২৯ | ৩২৩ |

### ২.৫ ভূমি ব্যবহার ও সেচ পরিসংখ্যান

- ২০১৮-২০১৯ সনের সেচ পরিসংখ্যানের কাজ সম্পন্ন হয়েছে।
- ২০১৮-২০১৯ সনের ভূমি ব্যবহার পরিসংখ্যানের কাজ সম্পন্ন হয়েছে।

## ২.৬ এগ্রিকালচার উইং কর্তৃক সম্পাদিত কার্যক্রম, ২০১৯-২০২০ অর্থ বছর।

- ৬টি প্রধান  ফসলের উৎপাদন ও আয়তনের হিসাব প্রাক্কলন করা হয়েছে;
- ১৩৭টি অপ্রধান ফসলের উৎপাদন ও আয়তনের হিসাব প্রাক্কলন করা হয়েছে;
- কৃষি পরিসংখ্যান বর্ষগ্রন্থ ২০১৯ প্রকাশিত হয়েছে।

### ২.৭ এ সময় অত্র উইং কর্তৃক প্রকাশিত উল্লেখযোগ্য প্রতিবেদন/প্রকাশনার বিবরণঃ

| ক্রঃ নং | প্রকাশনার নাম | প্রকাশের সন | প্রকাশ সংখ্যা | মন্তব্য |
|---|---|---|---|---|
| ১. | কৃষি পরিসংখ্যান বর্ষগ্রন্থ-২০১৯ | ২০২০ | সিরিজ-৩১ | |

## ৩.০ সেন্সাস উইং (CENSUS WING) :

সেন্সাস উইং দেশের জনসংখ্যা, গৃহগণনা, কৃষি ও অর্থনীতির ওপর পিরিয়ডিক শুমারি এবং শিক্ষা ও সামাজিক পরিসংখ্যান সংক্রান্ত জরিপ পরিচালনা করে থাকে। এছাড়া শুমারি মধ্যবর্তী সময়ে বিভিন্ন বিষয়ে এডহক শুমারি ও জরিপ পরিচালনা করে। দুটো শুমারির মধ্যবর্তী সময়ে জনসংখ্যার প্রক্ষেপণ ও তৎপরবর্তী সময়ে দীর্ঘকালীন জনসংখ্যা প্রক্ষেপণও এ উইং করে থাকে। এ উইং চাহিদার ভিত্তিতে জনসংখ্যা এবং শিক্ষা ও সামাজিক পরিসংখ্যান সংক্রান্ত জরিপও আন্তর্জাতিক ক্ষেত্রে সরবরাহ করে থাকে। জনশুমারি ও গৃহগণনাসহ অন্যান্য শুমারি যেমন- কৃষি শুমারি এবং অর্থনৈতিক শুমারি এ উইং-এর মাধ্যমে সম্পাদিত হয়ে থাকে। সরকার কর্তৃক আরোপিত দায়িত্ব হিসেবে ছিটমহলে শুমারি/জরিপ কার্যক্রম সম্পন্ন করার পাশাপাশি জাতীয় টাস্ক ফোর্সের সিদ্ধান্ত মোতাবেক বাংলাদেশে অবস্থানরত অনিবন্ধিত মিয়ানমার নাগরিক শুমারি পরিচালনা করেছে এ উইং। এ ছাড়াও, বর্তমান প্রেক্ষাপটে সামাজিক নিরাপত্তা কর্মসূচিসহ অন্যান্য কর্মসূচিকে আরো সুনির্দিষ্ট ও কার্যকরভাবে বাস্তবায়নের জন্য বিশ্বব্যাংকের আর্থিক ও কারিগরি সহায়তায় পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগের অধীন বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো (বিবিএস) কর্তৃক 'National Household Database (NHD)' শীর্ষক প্রকল্পের মাধ্যমে দেশের সকল জনগোষ্ঠীর তথ্য সম্বলিত একটি ডাটাবেইজ এ উইং কর্তৃক প্রস্তুতের কার্যক্রম চলমান রয়েছে। পরিসংখ্যান আইন, ২০১৩-এর ধারা-১১ অনুযায়ী 'সংস্থা কর্তৃক পরিসংখ্যান প্রস্তুত ও প্রকাশ বিধিমালা, ২০১৪' এবং 'সংস্থা কর্তৃক পরিসংখ্যান প্রস্তুত ও প্রকাশ নীতিমালা, ২০১৬'-এর আওতায় বিবিএস যে সকল বিষয়ে শুমারি ও জরিপ পরিচালনা করে না, সে সকল বিষয়ে সরকারের অন্য কোন সংস্থা শুমারি বা জরিপ পরিচালনা করার আবেদন করলে সেন্সাস উইং কর্তৃক 'অনাপত্তি সনদ' প্রদান সংক্রান্ত কার্যক্রম পরিচালনা করা হয়। জাতীয় পরিসংখ্যান ব্যবস্থার সমন্বয়ে এটি একটি অত্যন্ত গুরুত্বপূর্ণ কার্যক্রম। বিবিএস এর বিভিন্ন গুরুত্বপূর্ণ কার্যক্রম এ উইং-এর মাধ্যমে পরিচালিত হয়ে থাকে।

### ৩.১ সেন্সাস উইং এর-কার্যাবলিঃ

- দেশের জনসংখ্যা কৃষি ও অর্থনীতির ওপর পিরিয়ডিক শুমারি, নাগৃহগণ ,এবং শিক্ষা ও সামাজিক পরিসংখ্যান জরিপ পরিচালনা করা;
- সরকারের বিভিন্ন চাহিদা অনুযায়ী বিষয়ভিত্তিক এডহক শুমারি ও জরিপ পরিচালনা করা;
- দুই শুমারির মধ্যবর্তী সময়ে জনতাত্ত্বিক সূচকের ভিত্তিতে জনসংখ্যার প্রাক্কলন এবং তৎপরবর্তী সময়ে দীর্ঘকালীন জনসংখ্যার প্রক্ষেপণ করা;
- পরিসংখ্যান আইন, ২০১৩ অনুযায়ী সংস্থা কর্তৃক পরিসংখ্যান প্রস্তুত ও প্রকাশে অনাপত্তি সনদ প্রদান সংক্রান্ত কার্যক্রম পরিচালনা;
- জনশুমারি ও গৃহগণনা এবং খানার আয় ব্যয় জরিপের তথ্যের ভিত্তিতে Small Area Estimation Methodology অনুসরণপূর্বক দেশের ক্ষুদ্র এলাকাভিত্তিক দারিদ্র্য মানচিত্র প্রণয়ন;
- সরকারের পরিকল্পনা ও নীতি নির্ধারণের জন্য মাঠ পর্যায় হতে প্রশাসনিক তথ্য সংগ্রহ ও সংকলন।

### ৩.২ সেন্সাস উইং এর লোকবল সংখ্যা:

| | ১ম শ্রেণি | ২য় শ্রেণি | ৩য় শ্রেণি | ৪র্থ শ্রেণি | মোট |
|---|---|---|---|---|---|
| **অনুমোদিত** | ২৩ | ০৬ | ৭৮ | ১১ | ১১৮ |
| **বিদ্যমান** | ২১ | ০৬ | ৪৫ | ১৫ | ৮৭ |

৩.৩ পরিসংখ্যান আইন, ২০১৩-এর ধারা-১১ এবং 'সংস্থা কর্তৃক পরিসংখ্যান প্রস্তুত ও প্রকাশ বিধিমালা, ২০১৪' অনুযায়ী ২০২০ সালে প্রদত্ত অনাপত্তি সনদের তালিকা:

| ক্রমিক | আবেদনকারী সংস্থার নাম | শুমারি/জরিপের নাম | অনাপত্তি প্রদানের |
|---|---|---|---|

| নং | | | তারিখ (খ্রি.) |
|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) |
| ০১ | প্রাথমিক শিক্ষা অধিদপ্তর | বার্ষিক প্রাথমিক বিদ্যালয় শুমারি ২০২০ (APSC 2020) | ২৩/০২/২০২০ |
| ০২ | জনস্বাস্থ্য পুষ্টি প্রতিষ্ঠান (আইপিএইচএন) | National Micronutrient Survey in Bangladesh 2020 | ২৩/০৩/২০২০ |
| ০৩ | জাতীয় চক্ষু বিজ্ঞান ইন্সটিটিউট ও হাসপাতাল | নেশনওয়াইড ব্লাইন্ডনেস সার্ভে ২০২০ | ২৩/০৩/২০২০ |
| ০৪ | জনস্বাস্থ্য পুষ্টি প্রতিষ্ঠান (আইপিএইচএন) | Survey on Nutritional Knowledge, Attitude and Practice among the school going adolescents of selected secondary schools in Bangladesh | ১৫/১১/২০২০ |

### ৩.৪ পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ / বিবিএস এর আওতায় ২০২০ চলমান প্রকল্পসমূহের বিবরণঃ

(ক) জনশুমারি ও গৃহগণনা ২০২১ প্রকল্প।

(খ) ন্যাশনাল হাউজহোল্ড ডাটা বেইজ) NHD) প্রকল্প।

(গ) ষ্ট্রেনদেনিং স্ট্যাটিসটিক্যাল ক্যাপাসিটি অব বিবিএস ফর কালেকটিং ডাটা অন পপুলেশন এন্ড ডেভলপমেন্ট (Stat4Dev) প্রকল্প।

## ৪.০ কম্পিউটার উইং (Computer Wing)

### ৪.১ বিবিএস এর কাজের বিবরণ (প্রতি উইং এর প্রধান ৫টি কাজ উল্লেখসহ): কম্পিউটার উইং

কম্পিউটার উইংয়ের কার্যাবলিঃ

(১) বিবিএস এর চাহিদা মাফিক বিভিন্ন জরিপের Data Entry Screen তৈরি ও উন্নয়ন করা এবং বিদ্যমান Database এর পরিবর্তন , পরিবর্ধন এবং নতুন Database তৈরি করা। এছাড়া বিবিএস এর অন্যান্য উইং কর্তৃক মাঠ পর্যায় হতে আহরিত তথ্য উপাত্ত ইলেকট্রনিক প্রযুক্তিতে ধারণ ও প্রক্রিয়াকরণ করা। নবসৃষ্ট বিভিন্ন প্রশাসনিক ইউনিটের জিও কোড (Geo-Code) প্রদান করা, বিদ্যমান Geo-code হালনাগাদ এবং রক্ষণাবেক্ষণ করা। বর্তমানে বিদ্যমান Geo-code System কে ইংরেজী ও বাংলা বানান প্রমিতকরণ সহ RDBMS মডেলে রূপান্তর করার কাজ অব্যাহত আছে;

(২) কম্পিউটার বিষয়ে প্রশিক্ষণের মাধ্যমে বিবিএস-এর জন্য দক্ষ জনবল তৈরি করা, হার্ডওয়্যার ও সফট্ওয়ার সেবা প্রদান নিশ্চিত করা। হার্ডওয়্যার ও সফট্ওয়ার সংক্রান্ত সমস্যা/ত্রুটি দ্রুত নিষ্পত্তি এবং রক্ষণাবেক্ষণ সেবা নিশ্চিত করা;

(৩) বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোতে স্থাপিত Internet ও Website পরিচালনা, রক্ষণাবেক্ষণ ও যুগপোযোগী সেবা প্রদান নিশ্চিত করা;

(৪) আধুনিক ডাটা সংরক্ষণ ব্যবস্থা গড়ে তোলার মাধ্যমে পরিসংখ্যান সম্পর্কিত ডাটা/তথ্য যথাযথভাবে সংরক্ষণ ও রক্ষণাবেক্ষণ করা এবং ব্যবহারকারীদের ডাটা সরবরাহে দ্রুত সেবা প্রদান করা;

(৫) বিবিএস এর IT স্থাপনা, কম্পিউটার সিষ্টেম, সার্ভার সিষ্টেম ইত্যাদি বিষয়ে পরিকল্পনা ও সংরক্ষণের ব্যবস্থা গ্রহণ, বাস্তবায়ন ও সমন্বয় সাধন করা এবং পরিসংখ্যান ব্যুরোতে স্থাপিত Network System সুষ্ঠুভাবে পরিচালনা ও মনিটরিং করা।

### ৪.২ বিবিএস এর লোকবল সংখ্যা- কম্পিউটার উইং:

| | ১ম শ্রেণী | ২য় শ্রেণী | ৩য় শ্রেণী | ৪র্থ শ্রেণী | মোট |
|---|---|---|---|---|---|
| অনুমোদিত | ৩৪ | ২৬ | ২৮৪ | ০৯ | ৩৫৩ |
| বিদ্যমান | ০৮ | ০৭ | ৪৯ | ০৩ | ৬৭ |

## ৪.৩ পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ/বিবিএস এর আওতায় ২০২০ সালের চলমান প্রকল্পসমূহের বিবরণঃ

| | |
|---|---|
| উইং এর নাম | : কম্পিউটার উইং |
| প্রকল্পের নামঃ | : বিবিএস সার্ভে, ডাটা সার্ভিস এন্ড সার্টিফিকেট ম্যানেজমেন্ট প্রকল্প। |
| বাস্তবায়নকারী সংস্থাঃ | : বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো |
| বাস্তবায়নকালঃ | : জুলাই/২০২০ হতে জুন/২০২১ পর্যন্ত |
| আরম্ভ | : জুলাই/২০২০ |
| সমাপ্তি | : জুন/২০২১ |
| প্রকল্পের প্রাক্কলিত ব্যয় (লক্ষ টাকায়) | : ডিপিপি অনুযায়ী |
| মোট | : ৩ কোটি ২৯ লক্ষ ৫০ হাজার টাকা। |
| প্রকল্পের মেয়াদ | : জুলাই, ২০২০ হতে জুন, ২০২১ |

### ৪.৪ পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ/বিবিএস এর আওতায় ২০২০ সালের চলমান কর্মসূচীসমূহের বিবরণঃ নাই

### ৪.৪.১ ২০২০ সালের কর্মকর্তা/কর্মচারীগণের সরকারী কাজে বিদেশ ভ্রমণ সংক্রান্ত তথ্যঃ

(ভ্রমণের ধরণ: প্রশিক্ষণ/কর্মশালা/সেমিনার/কনফারেন্স/শিক্ষা সফর/সভা/অন্যান্য)

| ভ্রমনের ধরণ | কোর্সের নাম | দেশের নাম | মেয়াদকাল | অর্থায়নকারী প্রতিষ্ঠান | অংশগ্রহণকারীর সংখ্যা |
|---|---|---|---|---|---|
| Courtesy Visit | - | Thailand | 03/02/2020 to 08/03/2020 | | 01 |
| Total | | | | | 01 |

## ৪.৫ ২০২০ সালের দেশে প্রশিক্ষণ সংক্রান্ত তথ্য: কম্পিউটার উইং

| ক্র: নং | কোর্সের নাম | আয়োজনকারী প্রতিষ্ঠান | প্রশিক্ষনের তারিখ মেয়াদ | প্রশিক্ষণের স্থান | অংশগ্রহনকারীদের পর্যায়/শ্রেনী | অংশগ্রহনকারীগনের সংখ্যা (কম্পিউটার উইং) | | | | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ | বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো (কম্পিউটার উইং) | অন্যান্য সংস্থা | মোট | |
| 1 | Financial management | SSTI | ১১-১৪ নভেম্বর | SSTI | ১১-১৬ গ্রেড | - | ০৫ | | | |
| 2 | তথ্য অধিকার, শুদ্ধাচার, এপিএ, জিআরএস এবং ইনোভেশন | SSTI | ২৭-৩১ অক্টোবর | SSTI | ৯ম গ্রেড ও তদুর্দ্ধ | - | ০৫ | | | |
| 3 | মৌলিক পরিসংখ্যান | SSTI | ০৩-০৭ অক্টোবর | SSTI | ১০-১৬ গ্রেড | - | ০৪ | | | |
| 4 | বেসিক অফিস মেনেজমেন্ট | SSTI | ২২-২৬ নভেম্বর | SSTI | ১১-১৬ গ্রেড | - | ০৩ | | | |

| | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| 5 | বেসিক অফিস মেনেজমেন্ট | SSTI | ২০-২৪ অক্টোবর | SSTI | ১১-১৬গ্রেড | - | ০৫ | | | |
| 6 | সচিবালয় নির্দেশনা ও চাকুরী বিধিমালা | SSTI | ১৩-১৭ অক্টোবর | SSTI | ১১-১৬গ্রেড | - | ০৩ | | | |
| 7 | Staff Development | SSTI | ০৬-১০ ডিসেম্বর ২০-২৪ ডিসেম্বর | SSTI | ১৭-২০ গ্রেড | - | ০২ ০১ | | | |
| 8 | বেসিক ফিন্যানসিয়াল ম্যানেজমেন্ট | SSTI | ১৫-১৯ সেপ্টেম্বর | SSTI | ১১-১৬ গ্রেড | - | ০৫ | | | |
| 9 | Advance Computer Training | SSTI | ০৮-১২ সেপ্টেম্বর | SSTI | ১১-১৬ গ্রেড | - | ০৩ | | | |
| 10 | তথ্য অধিকার, শুদ্ধাচার,এপিএ, জিআরএস এবং ইনোভেশন | SSTI | ১৩-১৭ ডিসেম্বর | SSTI | ১১-১৬ গ্রেড | - | ০৩ | | | |
| 11 | Public Procurement management (with E-GP) | SSTI | ০৪-০৮ আগষ্ট | SSTI | ৯ম গ্রেড ও তদুর্দ্ধ | - | ০৩ | | | |
| 12 | Sustainable Developments Goal (SDGS) | SSTI | ০১-০৩ সেপ্টেম্বর | SSTI | ৯ম গ্রেড ও তদুর্দ্ধ | - | ০৩ | | | |
| | | | | | | মোট | ৪৭ | | | |

## ৪.৬ ২০২০ সালের ডাটা বিক্রয় সংক্রান্ত তথ্য:

| ক্র: নং | তথ্য-উপাত্তের বিবরণ | দেশে বিক্রয়ের পরিমাণ (টাকা) | বিদেশে বিক্রয়ের পরিমাণ (ইউ. এস, ডলার) | মন্তব্য |
|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
| ১। | HIES, LFS, MSVSB, SMI | ৪,৫২,৭৮৮ টাকা | - | দেশীয় তথ্য ব্যবহারকারীদের নিকট |

### ৪.৬.১ ২০২০ সালের প্রকাশনা বিক্রয়/বিতরণ সংক্রান্ত তথ্য: প্রযোজ্য নহে।

| ক্র: নং | প্রকাশনার নাম | মুদ্রিত কপির সংখ্যা | বিক্রিত কপির সংখ্যা | সৌজন্য কপির বিতরণ সংখ্যা | বিক্রয় ও বিতরণকৃত মোট সংখ্যা | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) | (৭) |

## ৪.৭ ২০২০ সালের উল্লেখযোগ্য অর্জন/সাফল্য:

### ৪.৭.১ অর্জনের/সাফল্যের বিষয়/নামঃ কম্পিউটার উইং:

- কম্পিউটার উইং বিবিএস এর একটি Service Oriented Wing। কম্পিউটার উইং বিবিএস এর সকল উইং/প্রকল্পের চাহিদা অনুযায়ী ICT সম্পর্কিত Service প্রদান করে আসছে;

- বিবিএস এর সকল উইং/প্রকল্পের কম্পিউটারসহ ICT যন্ত্রগুলো নিরবচ্ছিন্নভাবে চলতে সহযোগিতা করা এবং নিরবচ্ছিন্নভাবে ইন্টারনেট কানেকশন সচল রাখতে সার্ভার রুম সর্বদা রক্ষণাবেক্ষণ করা;
- প্রশাসন ও হিসাব শাখায় প্রতিনিয়ত উইং এর কর্মকর্তা ও কর্মচারীর সংখ্যা হালনাগাদ করছে এবং উইং এর জনবলের বেতনভাতাদি পরিশোধে অগ্রণী ভূমিকা পালন করে থাকে;
- এডিটিং ও সমন্বয় শাখা থেকে প্রতি মাসে উইং এর কর্মকর্তাদের সমন্বয় সভার আয়োজন করা হচ্ছে এবং বিভিন্ন শাখার অগ্রগতি তথা উইং এর উন্নয়নে পরবর্তী পদক্ষেপ গ্রহণ করার সিদ্ধান্ত গৃহীত হচ্ছে;
- ১৯৭৪ হতে ১৯৯৯ সাল পর্যন্ত বিবিএস এর শুমারি ও সার্ভের ডাটার ৮৬০০ টি সংরক্ষিত টেপ হতে ডাটা কনভারশনের কাজ সমাপ্ত হয়েছে;
- প্রকল্পের মাধ্যমে সংগৃহিত Magnetic Tape Cleaner for IBM hubs and Spool Tape Baking Oven মেশিনের সাহায্যে সংরক্ষিত টেপসমূহকে বেকিং, ক্লিনিং এবং পঠন করার কাজ প্রায় সমাপ্ত হয়েছে। টেপ হতে উদ্ধারকৃত ডাটা IBM Mainframe (ES/9000) File Conversion Software এর মাধ্যমে EBCDIC ডাটা থেকে ASCII Format-এ কনভার্ট করার কাজ সমাপ্ত হয়েছে । ৩১টি সেন্সাস ও সার্ভের মেটাডাটা তৈরীর কাজ সমাপ্ত হয়েছে;
- যশোর জেলা পরিসংখ্যান অফিসে ডাটা প্রিজারভেশন সেন্টারে সোলার পাওয়ার, এসি, ইউপিএস, বায়োমেট্রিক্স একসেস কন্ট্রোল সিস্টেম, জেনারেটর ও অগ্নি নিবার্পক সিস্টেম স্থাপনের কাজ সমাপ্ত;
- বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর সাথে যশোর জেলা পরিসংখ্যান অফিসে ডাটা প্রিজারভেশন সেন্টারে (2 Mbps Bandwidth) পয়েন্ট টু পয়েন্ট (P2P) সংযোগের লক্ষ্যে BTCL এর মাধ্যমে ৪ বছরের জন্য ভাড়ার মাধ্যমে সংযোগের কাজ সমাপ্ত;
- যশোর জেলা পরিসংখ্যান অফিসে C3.S.P.E.A.R Data Preservation Units স্থাপনের কার্যক্রম সমাপ্ত হয়েছে;
- Census & Survey Database (Big data Input, Survey and Census metabase) (Meta data + Database = Metabase) সফ্টওয়ার প্রণয়নের কাজ চলমান।
- কম্পিউটার উইং এর ডাটা এন্ট্রি শাখা থেকে নিম্নোক্ত কাজ সম্পাদিত হয়েছে:-

  ক) কৃষি শুমারি ২০১৯ এর পিইসি;

  খ) লাইভলিহুড সার্ভে;

  গ) বিজনেজ ডাইরেক্টরি-২০১৯;

  ঘ) উৎপাদন ও শিল্প প্রতিষ্ঠান জরিপ ২০১৯ ।

## ৪.৭.২ এ অর্জন বিবিএস/SID এর কাজে কি সহায়তা/অবদান রাখবে।

(ক) আর্থিক/পরিমানগত দিক

(১) বিবিএস/SID এর কোন পরিকল্পনা গ্রহণে সঠিক আর্থিক ব্যয় নিরূপনে সহায়ক হবে;

(২) সরকারী অর্থের অপচয় কমাতে সহায়ক হতে পারে।

(খ) গুণগত/প্রাতিষ্ঠানিক কল্যাণ

(১) বিবিএস এর বিবিধ প্রকাশনা সময়মত প্রকাশে সহায়ক হতে পারে;

(২) বিবিএস এর বিভিন্ন শুমারি/জরিপ পরিচালনায় সহায়তা করবে;

(৩) বিবিএস এর হার্ডওয়ার মেইনটেনেন্স, মাঠ পর্যায় থেকে সংগৃহীত তথ্যসমূহ কম্পিউটারে ধারণে সহায়তা করবে।

## ৪.৭.৩ এই অর্জন দেশের বা দেশবাসীর জন্য কি কল্যাণ বয়ে আনবে।

(ক) আর্থিক/পরিমাণগত দিক

(১) জিডিপি প্রণয়নে সহায়তা করবে;
(২) দেশের রাজস্ব বৃদ্ধিতে সহায়তা করবে।

(খ) গুণগত/সামাজিক দিক।

(১) দেশের উন্নয়ন পরিকল্পনা প্রণয়নে সহায়তা করবে;
(২) দেশের উন্নয়ন নীতি প্রণয়ণে সহায়তা করবে;
(৩) দেশের জরুরী অবস্থা মোকাবেলায় সহায়তা করবে;

**৪.৮ জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন সংক্রান্ত তথ্যঃ কম্পিউটার উইং এর মাসিক সমন্বয় সভায় জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন বিষয়ে আলোচনা করা হয়।**

**৪.৮.১ ভবিষ্যৎ পরিকল্পনার উল্লেখযোগ্য দিকঃ কম্পিউটার উইং:**

| ক্র: নং | কাজের নাম | উদ্দেশ্য | সম্ভাব্য ব্যয় (টাকা) | কিভাবে বাস্তবায়ন করা হবে | বাস্তবায়নের অভীষ্ট সময় সীমা | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) | (৭) |
| 1 | National ICT, e-Governance and e-Commerce Survey | Impact Indicators:<br>(a) Measuring of ICT Skills<br>(b) Measuring Internet uses<br>(c) Measuring Cyber Security<br>(d) Measuring and Monitoring e-waste<br>(e) Measuring Child online protection<br>(f) Measuring the Internet of Things (IoT)<br>(g) Measuring the Community Connectivity Indicators<br>(h) Improving data availability in support of the SDGs | BDT 1370 Lakh GoB | Development Project | July 2021 to June 2023 | |
| 2 | National Statistical Data Warehouse and Big data Analysis platform | Big data analytics indicators<br>Impact indicators:<br>(a) System development<br>(b) Infrastructure establishment<br>(c) Capacity Strengthening | US$ 27.6 million (BDT 23218 Lakh) (KOICA+GoB) | Development Project | July 2020 to June 2023 | |

| ক্র: নং | কাজের নাম | উদ্দেশ্য | সম্ভাব্য ব্যয় (টাকা) | কিভাবে বাস্তবায়ন করা হবে | বাস্তবায়নের অভীষ্ট সময় সীমা | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) | (৭) |
| | | (d) Project Management<br>Support to SDGs & NSDS | | | | |
| 3 | BBS e-Service Delivery | Impact indicators:<br>a) Web-enable Softwares Development<br>b) Geo-code automation | BDT 530 Lakh GoB | Development Project | July 2020 to June 2023 | |
| 4 | ICT Skill Development of BBS Employee | Impact Indicators:<br>(a) Development ICT Skills<br>(b) Developing Internet Facilities and Internet Uses<br>(c) Cyber Security<br>(d) Internet of Things (IoT)<br>(e) Improving data Quality<br>(f) Big data analytics<br>Support to NSDS | BDT 300 Lakh GoB | Development Project | July 2021 to June 2025 | |
| 5 | Spatial and attributes Database Development with GIS | Impact Indicators:<br>(a) Development ICT Skills<br>(b) Developing Internet Facilities and Internet Uses<br>Development of Mauza Level Map aligned with Geocode | BDT 1500 Lakh GoB | Development Project | July 2022 to June 2025 | |

৪.৯ ২০২০ বছরে পত্র পত্রিকায় প্রকাশিত বিবিএস/SID এর সংবাদ/প্রতিবেদন এর কাটিং- নাই

৪.৯.১ ২০২০ সালের বাস্তবায়িত বিভিন্ন কাজের আলোক চিত্রের/সফট কপি প্রেরণ- নাই

৪.৯.২ বিভিন্ন জরিপ/শুমারি প্রাপ্ত উল্লেখযোগ্য ফলাফলের তথ্য ছক/বার-গ্রাফ/পাই-চার্ট ইত্যাদি- নাই

৪.৯.৩ এ পর্যন্ত বিবিএস প্রকাশিত উল্লেখযোগ্য প্রতিবেদন/প্রকাশনার বিবরণ:

| ক্র: নং | প্রকাশনার নাম | প্রকাশের সন | প্রকাশ সংখ্যা | মন্তব্য |
|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
| | কম্পিউটার উইং এ কোন প্রকাশ নাই। | - | - | - |

৪.৯.৪ ২০২০ বছরে প্রকাশিত বিভিন্ন রিপোর্ট/প্রকাশনার প্রচ্ছদ এর ছবি/সফট কপিঃ- নাই

৪.৯.৫ অন্যান্য প্রযোজ্য প্রয়োজনীয় তথ্যঃ নাই

## ৫.০ ডেমোগ্রাফি অ্যান্ড হেলথ উইং (Demography and Health Wing) ঃ

ডেমোগ্রাফি অ্যান্ড হেলথ উইং দেশের স্বাস্থ্যসেবা, জনতত্ত্ব, পুষ্টি, আর্থ-সামাজিক ইত্যাদি বিষয়ক বিভিন্ন তথ্য সংগ্রহপূর্বক পরিসংখ্যান প্রণয়ন করে থাকে। দেশের আর্থ-সামাজিক প্রেক্ষাপটে পর্যায়ক্রমিক দুটি আদমশুমারির মধ্যবর্তী সময়ে জনসংখ্যার হিসাব প্রাক্কলন, বার্ষিক ও ষান্মাসিক জনতত্ত্ব ও জনমিতি বিষয়ক পরিবর্তনসংক্রান্ত পরিসংখ্যান প্রস্তুত ও প্রকাশ করে থাকে। এছাড়াও অত্র উইং এর মাধ্যমে জেন্ডার স্ট্যাটিস্টিক্স প্রণয়ন; গড়আয়ু প্রাক্কলন; জন্ম, মৃত্যু, বিবাহ, মাইগ্রেশন, জন্ম নিয়ন্ত্রণ, প্রতিবন্ধী, রোগ-ব্যাধি, দুর্ঘটনা, মা ও শিশুদের শিক্ষা, স্বাস্থ্য, বাল্যবিবাহ, চাইল্ড ডেভেলপমেন্ট ও চাইল্ড ডিসিপ্লিন, স্যানিটেশনব্যবস্থা ইত্যাদি তথ্যসংগ্রহ ও সংকলন পূর্বক প্রতিবেদন প্রকাশ করা হয়।

## ৫.১ ডেমোগ্রাফি অ্যান্ড হেলথ উইং এর সাম্প্রতিক উল্লেখযোগ্য কার্যাবলী:

Multiple Indicator Cluster Survey (MICS) 2019: মাল্টিপল ইন্ডিকেটর ক্লাস্টার সার্ভে (MICS) একটি বিশ্বব্যাপি পরিচালিত খানা জরিপ। বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো ১৯৯৩ সাল থেকে 'মাল্টিপল ইন্ডিকেটর ক্লাস্টার সার্ভে (MICS) পরিচালনা করে আসছে। বর্তমানে বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর ডেমোগ্রাফি অ্যান্ড হেলথ উইং এবং ইউনিসেফ বাংলাদেশ এর যৌথ উদ্যোগে ৬ষ্ঠ রাউন্ড 'মাল্টিপল ইন্ডিকেটর ক্লাস্টার সার্ভে (MICS-2019)'পরিচালিত হয়েছে। MICS এর তথ্য দেশের বিভিন্ন কৌশলগত পরিকল্পনা প্রণয়নসহ দেশের পঞ্চবার্ষিকী পরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়নে গুরুত্বপূর্ন ভূমিকা পালন করবে।

- গত ২৪ ফেব্রুয়ারি ২০২০ তারিখে বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর অডিটোরিয়ামে একটি প্রকাশনা অনুষ্ঠানের মাধ্যমে 'প্রগতির পথে বাংলাদেশ: মাল্টিপল ইন্ডিকেটর ক্লাস্টার সার্ভে (MICS) ২০১৯' প্রতিবেদনের মোড়ক উন্মোচন করা হয়। বর্তমানে District Profile Report_এর খসড়া প্রস্তুত করা হয়েছে। দেশের ৬৪৪০০টি খানায় MICS ২০১৯ জরিপটি পরিচালিত হয়। উক্ত জরিপ পরিচালনার জন্য প্রতি টিমে ০৪ (চার) জন গণনাকারী, ০১ (এক) জন মেজারার ও ০১ (এক) জন সুপারভাইজারের সমন্বয়ে মোট ৩৩ (তেত্রিশ)টি টিম গঠন করা হয়। এ জরিপের মাধ্যমে ১৪৪টি ইন্ডিকেটর প্রস্তুত করা হয়েছে যার মধ্যে ২৯টি ইন্ডিকেটর সরাসরি SDG মনিটরিং এর সাথে সম্পৃক্ত। মাল্টিপল ইন্ডিকেটর ক্লাস্টার সার্ভে দেশের জনগনের আর্থ সামাজিক অবস্থাসহ মা ও শিশুদের পুষ্টি, স্যানিটেশন ও হাইজিন, শিশু শ্রম, শিক্ষাসহ বিভিন্ন ধরণের তথ্য প্রদানের ক্ষেত্রে গুরুত্বপূর্ন ভূমিকা পালন করছে।

MICS ২০১৯ এর তথ্যে স্পষ্ট প্রতীয়মান হয় যে, দেশ উন্নয়নের পথে এগিয়ে যাচ্ছে। এর উল্লেখযোগ্য ইন্ডিকেটর সমূহের মধ্যে রয়েছে শৈশবকালীন খর্বাকৃতি (stunting)। MICS ২০১৯ রিপোর্ট অনুযায়ী দেশে ৫ বৎসরের নিচের শিশুদের মধ্যে খর্বাকৃতি শিশু ২৮% যা MICS ২০১২-১৩ রিপোর্ট অনুযায়ী ৪২% ছিল। বর্তমানে দেশে নারী (১৫-২৪ বৎসর) শিক্ষার হার ৮৮.৭% যা MICS ২০১২-১৩ এ ছিল ৮২.০%। বর্তমানে দেশে ৯৭.৮% নারী (১৫-৪৯ বৎসর) যেকোন ভাবে মোবাইল ফোন ব্যবহার করেন। দেশের ৭৫.২% মা (যারা গত ২ বছরে গর্ভদান করেছেন) অন্তত একবার তার শেষ গর্ভের সময় দক্ষ চিকিৎসকের আওতায় গর্ভকালীন সেবা নিয়েছেন যা পূর্বের MICS এ ছিল ৫৮.৭%। প্রাতিষ্ঠানিক ডেলিভারি উল্লেখযোগ্য হারে বেড়েছে, পূর্বে ৩১% মা প্রাতিষ্ঠানিক ডেলিভারির আওতায় থাকলেও বর্তমানে তা ৫৩.৪% এ দাঁড়িয়েছে। প্রসব পরবর্তী শিশুর সেবা গ্রহনের (শিশু ভূমিষ্ট হওয়ার ২ দিনের মধ্যে) হার ৬৬.৭%। ৬ মাস বয়স পর্যন্ত শুধু মায়ের বুকের দুধ পান করানো হয় ৬২.৬% শিশুকে। ৬-৮ মাস বয়সী ৭৫.৫% শিশুকে বুকের দুধের পাশাপাশি অন্যান্য শক্ত-আধাশক্ত খাবার খেতে দেয়া হয়। শতকরা ৭৪.৮ ভাগ নারী অন্ধকার হবার পরও নিজ এলাকায় চলাচল করতে নিরাপদ বোধ করেন। ১৫-২৪ বছরের শতকরা ৮৯.৯ ভাগ এবং ১৫-৪৯ বছরের শতকরা ৮৪.৬ ভাগ নারী নিজেকে সুখী মনে করেন।




ডেমোগ্রাফি অ্যান্ড হেলথ উইং ও ইউনিসেফ বাংলাদেশ এর যৌথ উদ্যোগে আয়োজিত মাল্টিপল ইন্ডিকেটর ক্লাস্টারসার্ভে (MICS) ২০১৮-১৯ এর Progotir Pathey Bangladesh : Multiple Indicator Cluster Survey (MICS) 2019 রিপোর্ট এর মোড়ক উন্মোচন অনুষ্ঠানে প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন জনাব সৌরেন্দ্র নাথ চক্রবর্ত্তী, সচিব, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ। স্থান: বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো অডিটোরিয়াম, ঢাকা। তারিখ: ২৪ ফেব্রুয়ারি, ২০২০।

- **Making Every Woman and Girl Count Bangladesh (MEWGC) :** ২০৩০ সালের মধ্যে টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রা অর্জনের উদ্দেশ্যে জাতিসংঘের মহিলা বিষয়ক সংস্থা UN Women জাতিসংঘের সদস্য রাষ্ট্র সমূহের মধ্যে ৫ বছরের জন্য একটি ফ্লাগশীপ ইনিশিয়েটিভ এর উদ্যোগ গ্রহণ করেছে। UN Women এই ফ্লাগশীপ প্রোগ্রাম ‘Making Every Woman and Girl Count’ এর মাধ্যমে বিশ্বের বিভিন্ন দেশে জেন্ডার স্ট্যাটিস্টিক্স প্রস্তুতব্যবহার ও তা প্রচারের ,শ্লেষণবি , ক্ষেত্রেপ্রয়োজনীয় সহযোগীতা প্রদান করবে। টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রায় বর্নিত জেন্ডার সংবেদনশীল সূচকের নিরিখে সঠিক ও সময়োপোযোগী প্রয়োজনীয় তথ্য উপাত্ত প্রস্তুত, প্রণয়ন ও প্রাপ্তির নিশ্চয়তা বৃদ্ধি করা এ প্রোগ্রামের একটি অন্যতম লক্ষ্য।

  ‘Making Every Woman and Girl Count’ কার্যক্রম বাস্তবায়নের লক্ষ্যে বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো (বিবিএস) এবং UN Women এর মধ্যে গত ০৫ মার্চ, ২০১৯ খ্রি. তারিখ Letter of Agreement (LOA) স্বাক্ষরিত হয়। এই কার্যক্রম বাস্তবায়নের জন্য UN Women ইতোমধ্যে একজন জেন্ডার স্ট্যাটিস্টিক্স স্পেশালিস্ট নিয়োগ করেছেন যিনি কার্যক্রম বাস্তবায়নেবাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো এর সাথে নিবিড়ভাবে কাজ করছেন ।

  tnuoC lriG dna namoW yrevE gnikaM‘ Bangladesh (MEWGC)’ কার্যক্রমের আওতায় ‘Gender Based Education’ বিষয়ক Policy Brief গত ১৬-০৬-২০২০খ্রি. তারিখে প্রকাশিত হয়েছে যা বিবিএস এর ওয়েবসাইটে আপলোড করা হয়েছে। গত ২৮/০৭/২০২০ খ্রি. তারিখ Policy Brief on ‘Gender Based Employment and wage’ পর্যালোচনার লক্ষ্যে ওয়ার্কিং কমিটির একটি সভা অনুষ্ঠিত হয়। গত ১৭ আগস্ট, ২০২০ খ্রি. তারিখ মহাপরিচালক, বিবিএস মহোদয়ের সভাপতিত্বে টেকনিক্যাল কমিটির সভা অনুষ্ঠিত হয়। গত ২০ ও ২৬ আগস্ট, ২০২০ খ্রি.তারিখ Sampling Design ও Methodology কমিটির ০২ (দুই) টি সভা অনুষ্ঠিত হয়। MEWGC কার্যক্রমের আওতায় Time Use Survey 2020 এর Sampling Design ও Methodology চূড়ান্তকরণের লক্ষ্যে গত ১৬ সেপ্টেম্বর, ২০২০ খ্রি.তারিখ মহাপরিচালক

বিবিএস মহোদয়ের সভাপতিত্বে টেকনিক্যাল কমিটির সভা অনুষ্ঠিত হয়। গত ০১ অক্টোবর, ২০২০ খ্রি. তারিখ সচিব, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ মহোদয়ের সভাপতিত্বে স্টিয়ারিংকমিটির সভা অনুষ্ঠিত হয়। জরিপের ম্যাপিং ও লিস্টিং কার্যক্রমের বিভাগীয় সমন্বয়কারী/মাস্টার ট্রেইনারগণের প্রশিক্ষণ গত ১৪/১০/২০২০ খ্রি. তারিখ এবং জেলা সমন্বয়কারী ও তথ্য সংগ্রহকারীগণের প্রশিক্ষণ গত ১৭/১০/২০২০ খ্রি.তারিখ অনুষ্ঠিত হয়। মাঠ পর্যায়ের ম্যাপিং ও লিস্টিং কার্যক্রম গত ১৮/১০/২০২০ খ্রি.তারিখ শুরু হয়ে ২৭/১০/২০২০ খ্রি.তারিখ সমাপ্ত হয়। গত ২৩-২৫ ডিসেম্বর, ২০২০ খ্রি.তারিখ প্রশ্নপত্র প্রিটেস্ট এর প্রশিক্ষণ এবং গত ২৬-২৭ ডিসেম্বর, ২০২০ খ্রি.তারিখ গাজীপুর সদর উপজেলা, গাজীপুর ও নবাবগঞ্জ উপজেলা, ঢাকার এমএসভিএসবি এর ০২ (দুই)টি পিএসইউ তে প্রশ্নপত্র প্রিটেস্ট কার্যক্রম সম্পন্ন করা হয়। বর্তমানে মাঠ পর্যায়ের তথ্য সংগ্রহের প্রস্তুতি চলছে।

- **National Information Platform for Nutrition in Bangladesh (NIPN):** NationalInformation Platform for Nutrition in Bangladesh (NIPN) হচ্ছে নিউট্রিশন বিষয়ে Evidence Based Policy প্রণয়নের জন্য একটি কার্যক্রম ইউরোপীয় ইউনিয়নের ফান্ডিং এ এটি পরিচালিত। BBS এবং BIDS এর সহযোগিতায় (Helen Keller International) HKI কর্তৃক এটি বাস্তবায়িত হচ্ছে। গত ২৪/০৮/২০২০ খ্রি. তারিখ সচিব, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ মহোদয়ের সভাপতিত্বে স্টিয়ারিংকমিটির সভা অনুষ্ঠিত হয়। এ কার্যক্রমের আওতায় 'Raising Nutritional Well-being: What Works and What Does Not' বিষয়ক পলিসি ব্রিফ এর কাজ সম্পন্ন হয়েছে। 'Household Dietary Diversity in Bangladesh: A Regional Perspective' বিষয়ক রিপোর্ট প্রস্তুতের কাজ চলছে। ডাটা রিপোজিটরি প্রস্তুতকরণের জন্য স্টেকহোল্ডার আলোচনা এবং প্রাসঙ্গিক ডেটা সোর্স সনাক্তকরণ, ডাটাবেজ ডিজাইন, এডমিন প্যানেল ডেভেলপমেন্ট, হার্ডওয়্যার অবকাঠামো পরিকল্পনা ইত্যাদি কাজ চলমান রয়েছে।




NIPN-HKI (হেলেন কেলার ইন্টারন্যাশনাল) পরিচালিত "Data processing and analysis using STATA and SPSS including statistical measures" বিষয়ে চারদিন ব্যাপী (অক্টোবর ২৭–নভেম্বর ০১, ২০২০) ট্রেনিং এর উদ্বোধনী অনুষ্ঠানেপ্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জনাব মোহাম্মদ তাজুল ইসলাম, মহাপরিচালক, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো।

**Compilation of Gender Statistics of Bangladesh2018 :** কম্পাইলেশন অবজেন্ডার স্ট্যাটিস্টিক্স অব বাংলাদেশ প্রকাশনার মাধ্যমে নারীর ক্ষমতায়ন এর জন্য উন্নয়নের মূলধারার সাথে নারী ও পুরুষের সমান কর্মসংস্থান এর সম্পর্ক,

প্রজনন স্বাস্থ্য উন্নয়ন, মাতৃকালীন মৃত্যু প্রতিরোধ, নারীর প্রতি বৈষম্য দূরীকরণ প্রভৃতি সম্পর্কিত প্রয়োজনীয় উপাত্ত একত্রিত করা হয়। বিভিন্ন মন্ত্রণালয়/সংস্থা/অধিদপ্তর/বিভাগ/প্রতিষ্ঠান হতে কার্যক্রমটির তথ্য সংগ্রহের কাজসম্পন্ন করে Gender Statistics of Bangladesh 2018 রিপোর্ট বিবিএস ওয়েবসাইটে আপলোড করা হয়েছে এবংপ্রকাশ করা হয়েছে।

- **:National Hygiene Survey 2018**বর্তমানে বিশ্বব্যাপী SDGs বাস্তবায়নের লক্ষ্যে কর্ম পরিকল্পনা গৃহীত হচ্ছে। SDGs এর Goal 4 এর 4.a.1 এবং Goal 6 এ হাইজিন বিষয়ক উন্নয়ন লক্ষ্যমাত্রা নির্ধারন করা হয়েছে। উক্ত লক্ষ্যমাত্রা অর্জনে তথ্য প্রদানের লক্ষ্যে বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর ডেমোগ্রাফি অ্যান্ড হেলথ উইং এবং Water Aid Bangladesh কর্তৃক যৌথভাবে প্রথমবার ন্যাশনাল হাইজিন সার্ভে ২০১৮ পরিচালিত হয়। উক্ত জরিপে খানা ভিত্তিক তথ্য সংগ্রহের পাশাপাশি স্কুল, হাসপাতাল/ক্লিনিক, রেস্টুরেন্ট ও ফুড ভেন্ডর হতে পৃথক পৃথক প্রশ্নপত্রের মাধ্যমে হাইজিন সংক্রান্ত তথ্য সংগ্রহ করা হয়েছে।

আলোচ্য কার্যক্রম বাস্তবায়নের লক্ষ্যে আদম শুমারি ও গৃহগণনা ২০১১ কে Sampling Frame নির্ধারণ করেদ্বৈবচয়নের মাধ্যমে গণনা এলাকা নির্বাচন করা হয়। সঠিক ও সময়োপযোগী তথ্যাদি সংগ্রহের জন্য মাঠ পর্যায়ের তথ্য সংগ্রহকারী ও সুপারভাইজারদের বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো এর প্রধান কার্যালয়ে একাধারে ০৭ (সাত) দিন প্রশিক্ষণ প্রদান করা হয়। তথ্যের সঠিকতা যাচাই করার জন্যবাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো এবং পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগের সিনিয়র কর্মকর্তাগণ মাঠ পর্যায়ের কার্যক্রম পরিদর্শন করেন এবং প্রতিনিয়ত কাজের সাথে সংশ্লিষ্টদের প্রয়োজনীয় দিক নির্দেশনা প্রদান করেন।

ন্যাশনাল হাইজিন সার্ভে ২০১৮রিপোর্ট বিবিএস এর টেকনিক্যাল কমিটি স ফোরাম এবং'স ও পিডি'এডিটর ,পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগের যাচাই-বাছাই কমিটি কর্তৃক অনুমোদিত হয়েছে। পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগের নির্দেশনা মোতাবেক উক্ত রিপোর্টের বাংলা ভার্সন প্রস্তুত করা হয়েছে এবং বিবিএস এর এডিটর/২৪স ফোরামের '১১ ২০২০/খ্রি. তারিখের সভায় অনুমোদিত হয় এবং পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ কর্তৃক প্রত্যয়ন করা হয়। উক্ত রিপোর্টের মোড়ক উন্মোচন অনুষ্ঠান গত ৩১/১২/২০২০ খ্রি. তারিখ অনুষ্ঠিত হয়।

### ৫.২ ডেমোগ্রাফি অ্যান্ড হেলথ উইং এর আওতায় চলমান প্রকল্পসমূহের তালিকা:

*(ক) মনিটরিং দ্যা সিচুয়েশন অব ভাইটাল স্ট্যাটিস্টিকস অব বাংলাদেশ (এমএসভিএসবি) (৩য়পর্যায়) প্রকল্প*

(খ) জাতীয় প্রতিবন্ধী ব্যক্তি জরিপ ২০১৯ প্রকল্প

(গ) জাতীয় জন্ম ও মৃত্যু নিবন্ধকরণ তথ্যের সাথে মৌলিক জনতাত্ত্বিক পরিসংখ্যান উৎপাদন সংযোগ সৃষ্টিকরণ (সিআরভিএস) প্রকল্প

### *৫.৩ ডেমোগ্রাফি অ্যান্ড হেলথ উইং এর* **২০২০** *সালের উল্লেখযোগ্য অর্জন/সাফল্য:*

- Report on Bangladesh Sample Vital Statistics 2019 গত ৩০/০৬/২০২০ খ্রি. তারিখ প্রকাশ।
- গত ২৪ ফেব্রুয়ারি, ২০২০ খ্রি. তারিখ Progotir Pathey Bangladesh : Multiple Indicator Cluster Survey (MICS) 2019 রিপোর্ট প্রকাশ।
- Gender Statistics বিষয়ক Policy Brief on 'Gender Based Education' বিবিএস এর ওয়েবসাইটে গত ১৬-০৬-২০২০ খ্রি. তারিখে প্রকাশ।
- NIPN কার্যক্রমের আওতায় i) An Assessment of Nutrition Policies in Bangladesh (ii) Pathway to Nutritional Well-being : AFramework for Nutrition Intervention and Policy Action বিষয়ে ০২ (দুই) টি Policy Brief বিবিএস ওয়েবসাইটে গত ১৫-০৬-২০২০ খ্রি. তারিখে প্রকাশ।

**ওয়ার্কশপ/সেমিনার :**

● 'জাতীয় প্রতিবন্ধী ব্যক্তি জরিপ ২০১৯' প্রকল্পের প্রারম্ভিক কর্মশালা (Inception Workshop) গত ০১ মার্চ, ২০২০ খ্রি. তারিখ বিবিএস এর সম্মেলন কক্ষে অনুষ্ঠিত হয়েছে।

*৫.৪ ডেমোগ্রাফি অ্যান্ড হেলথ উইংএরভবিষ্যৎ পরিকল্পনা ও কার্যক্রমের উল্লেখ যোগ্য দিক:*

| ক্র: নং | কাজের নাম | উদ্দেশ্য | সম্ভাব্য ব্যয় (টাকা) | কিভাবে বাস্তবায়ন | বাস্তবায়নের অভীষ্ট সময়সীমা | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) | (৭) |
| ১। | Health and Morbidity Status Survey | SDGs এর লক্ষ্যমাত্রা অর্জন পরিবীক্ষণের জন্য স্বাস্থ্য ও জনতত্ত্ব বিষয়ক ইন্ডিকেটর প্রস্তুত করা। | - | GoB | জুলাই ২০২০হতে জুন ২০২২ | - |
| ২। | Time Use Survey | Goal-5 এর 5.4.1 এর তথ্য প্রদান এই Survey'র প্রধান উদ্দেশ্য। | - | - | জুলাই ২০২০ হতে ডিসেম্বর ২০২১ | |
| ৩। | Multiple Indicator Cluster Survey (MICS) | District profile প্রস্তুত করা। | - | - | জুলাই ২০২০ হতে জুন ২০২১ | |
| ৪। | National Information Platform for Nutrition (NIPN) | ডাটা রিপোজটরিপ্রস্তুত | - | - | জুলাই ২০২০ হতে জুন ২০২১ | |
| ৫। | National Survey on Persons with Disability (NSPD) 2019 | মাঠপর্যায় হতে মূল তথ্য সংগ্রহ কার্যক্রম পরিচালনা করা | - | - | জুলাই ২০২০ হতে ডিসেম্বর ২০২১ | |
| ৬। | Making Every Woman and Girl Count Bangladesh (MEWGC) | Methodological Report on new gender statistics indicators 2020 প্রস্তুতকরণ | - | - | জুলাই ২০২০ হতে জুন ২০২১ | |

## ৬.০ ফিন্যান্স, এ্যাডমিনিস্ট্রেশন এন্ড ম্যানেজমেন্ট ইনফরমেশন সিস্টেম উইং

বিবিএস এর প্রাতিষ্ঠানিক উন্নয়ন, জনবল কাঠামো পুনবিন্যাস, পরিসংখ্যান অবকাঠামো উন্নয়ন, আইন সংক্রান্ত, কর্মকর্তা/কর্মচারী নিয়োগ বিধি প্রণয়ন সংক্রান্ত, সদর দপ্তর ও মাঠ পর্যায়ের প্রশাসন ও আর্থিক ব্যবস্থাপনা, পরিসংখ্যান প্রকাশনা ইত্যাদি বিষয়গুলো এফএ অ্যান্ড এমআইএস উইং কর্তৃক সম্পাদিত হয়।

### ৬.১ এফএ অ্যান্ড এমআইএস উইং এর শাখাসমূহ

প্রশাসনিক কার্যক্রম ও প্রকাশনাসমূহ মুদ্রণের জন্য ২০২০ সালে সম্পাদিত এফএ এন্ড এমআইএস উইং এর শাখা ভিত্তিক সম্পাদিত কার্যাবলী নিম্নরূপঃ

### ৬.১.১ প্রশাসন শাখা

#### সদর দপ্তর

- বিবিএস এর গেজেটেড ও ননগেজেটেড কর্মকর্তা/কর্মচারীদের আন্তঃ উইং/শাখা/ফিল্ড কার্যালয়ে বদলি/প্রেষণ/সংযুক্তি, ফিল্ড কার্যালয় হতে সদর দপ্তরে বদলি/প্রেষণ/সংযুক্তি প্রদান সংক্রান্ত কাজ সম্পন্ন হয়েছে।
- মন্ত্রণালয় ও বিভিন্ন সরকারি/বেসরকারি/বিদেশী সংস্থার সাথে যোগাযোগ সংক্রান্ত কাজ সম্পন্ন করা হয়েছে।
- ১ম ও ২য় শ্রেণির কর্মকর্তাগণের প্রশাসনিক যাবতীয় কাজ সম্পন্ন করা হয়েছে।
- ১ম শ্রেণির কর্মকর্তাদের সিনিয়র স্কেলে পদোন্নতি/বিভাগীয় পরীক্ষা/বুনিয়াদি প্রশিক্ষণ, স্বাস্থ্য পরীক্ষা, জিপি ফান্ড মঞ্জুর সংক্রান্ত কাজ সম্পন্ন করা হয়েছে।
- ১ম ও ২য় শ্রেণির কর্মকর্তাদের পিআরএল, পেনশন মঞ্জুর প্রক্রিয়াকরণ সম্পন্ন হয়েছে।
- বিবিএস এর এফএ অ্যান্ড এমআইএস উইং এর সদর কার্যালয়ের ২য়, ৩য় ও ৪র্থ শ্রেণির কর্মকর্তা-কর্মচারীদের এসিআর সংগ্রহ ও সংরক্ষণের ব্যবস্থা গ্রহণ করা হয়েছে।
- বিবিএস এর এফএ অ্যান্ড এমআইএস উইং এর সদর দপ্তরের ২য়, ৩য় ও ৪র্থ শ্রেণির কর্মকর্তা-কর্মচারীদের ছুটি সংক্রান্ত কার্যাদি সম্পন্ন হয়েছে।
- বিবিএস এর সকল শুমারি ও জরিপের কাজে জনবল নিয়োজিত করা সংক্রান্ত কার্যাদি সম্পন্ন হয়েছে।
- কর্মকর্তা/কর্মচারীদের গৃহ নির্মাণ, মোটর সাইকেল, বাইসাইকেল, কম্পিউটার, মোটরকার ইত্যাদি অগ্রিমের আবেদন, সরকারি বাসা বরাদ্দের আবেদন পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগে প্রেরণ করা হয়েছে।
- বিবিএস এর বিভিন্ন বিষয়ে প্রয়োজনীয় কমিটি গঠন সংক্রান্ত কাজ সম্পন্ন হয়েছে।
- নীতিগত/আর্থিক বিষয়ে সরকারের জারীকৃত স্মারক/পরিপত্র বিবিএস এর সকল উইং ও কার্যালয়ে অগ্রায়ণের কাজ সম্পন্ন হয়েছে।
- বিভিন্ন দপ্তর/অধিদপ্তর/পরিদপ্তরের বিভিন্ন কমিটিতে চাহিদা অনুযায়ী বিবিএস এর প্রতিনিধি মনোনয়নের কাজ সম্পন্ন হয়েছে।

#### মাঠ পর্যায়ঃ

- বিবিএস এর মাঠ পর্যায়ের মাঠ পর্যায়ের কর্মকর্তা/কর্মচারীদের দেশ ও বিদেশে উচ্চ শিক্ষা গ্রহনার্থে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হয়েছে।
- বিবিএস এর মাঠ পর্যায়ের ১ম ও ২য় শ্রেণির কর্মকর্তা এবং কর্মচারীগণের ইস্তফা প্রদান সংক্রান্ত কাজ সম্পন্ন করা হয়েছে।

- বিবিএস এর মাঠ পর্যায়ের সকল পর্যায়ের অফিসসমূহ বেতন ভাতাদি ও অফিস পরিচালনা ব্যয়ের বরাদ্দ প্রদান করা হয়েছে।
- বিবিএস এর মাঠ পর্যায়ের অফিসসমূহের কর্মকর্তাগণের দক্ষতা বৃদ্ধির জন্য সদর দপ্তর হতে প্রশিক্ষণ প্রদান করা হচ্ছে।

## ৬.১.২ বিনিক শাখাঃ

- বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো (বিবিএস) এর ২য় পর্যায়ের অর্গানোগ্রাম প্রস্তুতপূর্বক প্রশাসনিক মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে।
- বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো কর্তৃক বাংলাদেশ ইনস্টিটিউট অফ স্ট্যাটিসটিকস অ্যান্ড রিসার্চ (বিআইএসআর) এর জন্য পৃথক অর্গানোগ্রাম প্রস্তুতপূর্বক প্রশাসনিক মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে।
- বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো (বিবিএস) এর ৩য় শ্রেনির রাজস্ব খাতভুক্ত ৫৭২ (পাঁচশত বাহাত্তর)জন প্রার্থীর নিয়োগ আদেশ জারি করা হয়েছে।
- বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো (বিবিএস) এর রাজস্ব খাতভুক্ত (১৩-২০তম) গ্রেড এর বিজ্ঞাপিত ৭১৫(সাতশত পনের)টি পদে নিয়োগ কার্যক্রম চলমান রয়েছে।
- পরিচালক, যুগ্মপরিচালক এবং উপপরিচালক পদে পদোন্নতির প্রস্তাব প্রশাসনিক মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে।
- নবসৃস্ট পরিসংখ্যান কর্মকর্তা (নন-ক্যাডার) এর ২০০(দুইশত)টি পদের স্থায়ীকরণের প্রস্তাব প্রশাসনিক মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে।
- ৩য় শ্রেণির পরিসংখ্যান তদন্তকারী পদ হতে ২য় শেণির সহকারী পরিসংখ্যান কর্মকর্তা পদে ২২(বাইশ) জনের পদোন্নতির প্রস্তাব প্রশাসনিক মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে।
- বুক বাইন্ডার ও জুনিয়র অপারেটর পদ থেকে টেকনিক্যাল অপারেটর পদে ০৬(ছয়) জনকে পদোন্নতি প্রদান করা হয়েছে।
- ২য় শ্রেণির সহকারী পরিসংখ্যান কর্মকর্তা হতে ১ম শ্রেণির পরিসংখ্যান কর্মকর্তা (নন- ক্যাডার) পদে ২৯(ঊনত্রিশ) জনের পদোন্নতির প্রস্তাব প্রশাসনিক মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে।
- ক্যাশ সরকার, ফটোকপি অপারেটর, অফিস সহায়ক পদ থেকে অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক ও কম্পিউটার মুদ্রাক্ষরিক পদে ০৬ (ছয়) জনকে পদোন্নতি প্রদান করা হয়েছে।
- প্যাকার পদ থেকে বুক বাইন্ডার পদে ০২(দুই) জনকে পদোন্নতি প্রদান করা হয়েছে।
- মেশিনম্যান, মেশিনম্যান কাম ক্লিনার ও ডার্করুম সহকারী পদ থেকে জুনিয়র অপারেটর পদে০৪ (চার)জনকে পদোন্নতি প্রদান করা হয়েছে।
- ৩য় শ্রেণির কম্পোজিটর ও টেকনিক্যাল অপারেটর পদ থেকে ২য় শেণির সহকারী গ্রাফিক রিপ্রডাকশন অফিসার পদে পদোন্নতির প্রস্তাব প্রশাসনিক মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে ।
- সাঁট মুদ্রাক্ষরিক কাম কম্পিউটার অপারেটর পদ হতে সাঁট লিপিকার কাম কম্পিউটার অপারেটর পদে ০৫ (পাঁচ) জনকে পদোন্নতি প্রদান করা হয়েছে।
- লে-আউট ডিজাইনার থেকে গ্রাফিক লে আউট ডিজাইনার পদে ০১(এক) জনকে পদোন্নতি প্রদান করা হয়েছে।
- অফিস সহায়ক এর ২৩(তেইশ) টি পদ রাজস্বখাতে সৃজনের প্রস্তাব প্রশাসনিক মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে।
- আউটসোর্সিং (Outsourching) এর ১৮৮ টি পদের সেবা আউটসোর্সিং প্রক্রিয়ার সেবা গ্রহণ নীতিমালা-২০১৮ অনুযায়ী সেবা ক্রয়ের প্রস্তাব প্রশাসনিক মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে।
- নবসৃষ্ট ময়মনসিংহ বিভাগে বিভাগীয় পরিসংখ্যান অফিসের জন্য ০২(দুই)টি পদের সেবা আউটসোর্সিং (Outsourching) এর মাধ্যমে ক্রয় সংক্রান্ত প্রস্তাব প্রশাসনিক মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে।
- HIES এর অফিস সহায়কের ০২(দুই) টি পদ রাজস্বখাতে সৃজনের প্রস্তাব প্রশাসনিক মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে।
- বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো (বিবিএস) এর রাজস্ব খাতভুক্ত ৩য় ও ৪র্থ শ্রেণির ১৪০ (একশত চল্লিশ)জন কর্মচারীর চাকরি স্থায়ীকরণ করা হয়েছে।

- ➢ বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো (বিবিএস) এর ১ম শ্রেনির পরিসংখ্যান কর্মকর্তা (ক্যাডার) পদে ০৫ (পাঁচ) জন কর্মকর্তার চাকরি স্থায়ীকরণের প্রস্তাব প্রশাসনিক মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে।
- ➢ বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো (বিবিএস) এর পরিসংখ্যান কর্মকর্তা (নন-ক্যাডার) ১ম শ্রেনির (৯ম গ্রেড) এর শূন্য পদ সরাসরি পূরণের নিমিত্ত ৩৮তম বিসিএস এ উত্তীর্ণ প্রার্থীর মধ্যে থেকে ০৪ (চার)টি পদে সরাসরি নিয়োগের প্রস্তাব প্রশাসনিক মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে।

### ৬.১.৩ সমন্বয় শাখাঃ

- ❖ পরিসংখ্যান ভবনে বিদ্যুৎ, পানি, গ্যাসসহ অন্যান্য সেবার বিল যথারীতি পরিশোধ করা হয়েছে।
- ❖ এফএ অ্যান্ড এমআইএস উইং এর দাপ্তরিক ও আবাসিক টেলিফোন বিল যথারীতি পরিশোধ করা হয়েছে।
- ❖ পিএবিএক্স এর রক্ষণাবেক্ষণ ও পরিচালনা কাজের জন্য ০২ (দুই) বছরের চুক্তি সম্পাদন করা হয়েছে।
- ❖ বিবিএস এর পরিসংখ্যান ভবনের পৌরকর, ভুমি কর ও LEASE LINE INTERNET এর MBPS SPEED এর বিল যথারীতি পরিশোধ করা হয়েছে।
- ❖ পরিসংখ্যান ভবনে স্থাপিত ০৬ (ছয়)টি লিফট ও ২টি ১৫০ কেভিএ অটোমেটিক ভোল্টেজ স্ট্যাবিলাইজার বাৎসরিক ভিত্তিতে পরিচালনা, রক্ষণাবেক্ষণ ও সার্ভিসিং কাজের সেবা গ্রহণের লক্ষ্যে ০২ (দুই) বছরের জন্য চুক্তি সম্পাদিত হয়েছে।
- ❖ পরিসংখ্যান ভবনের নিরাপত্তা ও রক্ষণাবেক্ষণ সংক্রান্ত অন্যান্য যাবতীয় কার্য সম্পন্ন করা হয়েছে।
- ❖ পরিসংখ্যান ভবনের পরিস্কার-পরিচ্ছন্ন ও রক্ষণাবেক্ষণ এবং ১২৫০ কেভিএ বিদ্যুৎ সাব- স্টেশন কাজের বিল যথারীতি পরিশোধ করা হয়েছে এবং ০২ (দুই) বছরের জন্য (১লা জানুয়ারি/২০১৯ থেকে ৩১ ডিসেম্বর/২০২১ পর্যন্ত) চুক্তি সম্পাদন করা হয়েছে।
- ❖ যানবাহন মেরামত সংক্রান্ত কাজ যথারীতি সম্পাদন করা হয়েছে। ইতোমধ্যে ৬টি গাড়ির কাগজপত্র হালনাগাদকরণ সম্পন্ন হয়েছে।
- ❖ ভবনের নিরাপত্তা ও রক্ষণাবেক্ষণ সংক্রান্ত অন্যান্য যাবতীয় কার্যক্রম যথারীতি চলছে। পরিসংখ্যান ভবনে নিয়োজিত আনসারদের বেতন-ভাতাদি যথারীতি পরিশোধ করা হয়েছে।পরিসংখ্যান ভবনের পরিস্কার-পরিচ্ছন্ন ও রক্ষণাবেক্ষণ এবং ১২৫০ কেভিএ বিদ্যুৎ সাব- স্টেশন কাজের বিল যথারীতি পরিশোধ করা হয়েছে এবং ০২ (দুই) বছরের জন্য (১লা জানুয়ারি/২০১৯ থেকে ৩১ ডিসেম্বর/২০২১ পর্যন্ত) চুক্তি সম্পাদন করা হয়েছে।
- ❖ যানবাহন মেরামত সংক্রান্ত কাজ যথারীতি সম্পাদন করা হয়েছে। ইতোমধ্যে ৬টি গাড়ির কাগজপত্র হালনাগাদকরণ সম্পন্ন হয়েছে।
- ❖ ভবনের নিরাপত্তা ও রক্ষণাবেক্ষণ সংক্রান্ত অন্যান্য যাবতীয় কার্যক্রম যথারীতি চলছে। পরিসংখ্যান ভবনে নিয়োজিত আনসারদের বেতন-ভাতাদি যথারীতি পরিশোধ করা হয়েছে।

### ৬.১.৪ বাজেট শাখাঃ

- বিবিএস এর সদর দপ্তর, বিভাগীয় পরিসংখ্যান কার্যালয়, জেলা পরিসংখ্যান কার্যালয় ও উপজেলা পরিসংখ্যান কার্যালয়ের বাজেট প্রস্তুত করা হয়েছে।
- বার্ষিক ক্রয় পরিকল্পনা প্রস্তুত ও ক্রয় কার্যক্রম সম্পন্ন করা হয়েছে।
- বিবিএস-এর সদর দপ্তরের সকল শ্রেণির কর্মকর্তা/কর্মচারীদের বেতন-ভাতার বিল, আনুষংগিক বিল ইত্যাদি পরিশোধ করা হয়েছে।
- সিএও অফিসের সাথে আয়-ব্যয়ের হিসাবের সমন্বয় সাধন এবং মাসিক, ত্রৈমাসিক, ষান্মাসিক ও বাৎসরিক হিসাবের প্রতিবেদন প্রেরণ করা হয়েছে।

- ২০১৯-২০ সালের বরাদ্দ ও ব্যয়ের হিসাব।

(অংকসমূহ লক্ষ টাকায়)

| বিবরণ | ২০১৯-২০ অর্থবছর | |
|---|---|---|
| | বরাদ্দ | ব্যয় |
| **অনুন্নয়ন ব্যয়** | | |
| ১১৬০২০১-বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোসদর দপ্তর | ৭৩,৬৫.৬৯ | ৫৯,১০.৫৫ |
| ১১৬০২০২-বিভাগীয় পরিসংখ্যান কার্যালয়সমূহ | ৪,৩৯.৪৫ | ৩,৩৪.৬৫ |
| ১৬০২০৩-জেলা পরিসংখ্যান কার্যালয়সমূহ | ২৪,৯১.৪৫ | ২০,৫৪.২৩ |
| ১১৬০২০৪-উপজেলা কার্যালয়সমূহ | ৯১,৩৪.২০ | ৬৯,৫৬.৩২ |
| ১১৬০২০৫-মেট্রোপলিটন কার্যালয়সমূহ | ৬,২৩.২৫ | ৫,৪১.৬৩ |
| ১১৬০২০৫-রাজস্ব বাজেট হতে অর্থায়নকৃত উন্নয়ন কর্মসূচি | ৬,৪৫.২৫ | ২,৪৩.০০ |
| সর্বমোট অনুন্নয়ন | ২০৭,২৯.২৯ | ১৬০,৪০.৩৮ |

| বিবরণ | ২০১৯-২০ অর্থবছর | |
|---|---|---|
| | বরাদ্দ | ব্যয় |
| **উন্নয়ন প্রকল্প** | | |
| উন্নয়ন প্রকল্পসমূহ | ৪৪৬,৮৯.৪৮ | ১৭৬,৩৬.১৫ |

## ৫.১.৫ অডিট শাখাঃ

- ত্রিপক্ষীয় সভার সুপারিশকৃত ১২টি অডিট আপত্তির ব্রড শীটের জবাব অডিট আধিদপ্তরে প্রেরণ করা হয়।
- ১৬টি অডিট আপত্তি নিষ্পত্তির জন্য পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগের মাধ্যমে অডিট অধিদপ্তরে প্রেরণ করা হয়।
- অডিট আপত্তি নিষ্পত্তির বিষয়ে দ্বিপক্ষীয় ও ত্রিপক্ষীয় ৩টি সভা অনুষ্ঠিত হয়েছে।
- অডিট আপত্তি নিষ্পত্তির লক্ষ্যে বিভিন্ন প্রমাণাদি সংগ্রহের জন্য সংশ্লিষ্ট পক্ষে পত্র প্রেরণ করা হয়।

❖ বিভাগীয়/জেলা পরিসংখ্যান অফিসের বিভিন্ন অডিটআপত্তি নিষ্পত্তির বিষয়ে প্রমাণাদি সংগ্রহপূর্বক ব্রডশীট জবাব অডিট অধিদপ্তরে প্রেরণ করা হয়।

❖ পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগের চাহিদা মত অডিট সংক্রান্ত তথ্য প্রেরণ করা হয়।

### ৫.১.৬ প্রকাশনা শাখাঃ

### ২০২০ সালে প্রকাশনা শাখা থেকে প্রকাশিত প্রকাশনার তালিকাঃ

| Serial No. | Name of the publication | Sale Copy | Complimentary Copy |
|---|---|---|---|
| 01. | Yearbook of Agricultural Statistics, 2019 | 300 | 1000 |
| 02. | Monthly Release (IPS) August,2019 | - | 70 |
| 03. | Monthly Release (IPS) September,2019 | - | 70 |
| 04. | Monthly Statistical Bulletin Bangladesh, August,2019 | 75 | 75 |
| Serial No. | Name of the publication | Sale Copy | Complimentary Copy |
| 05. | Monthly Release (CPI) and (WRI) in Bangladesh, December,2019 | - | 150 |
| 06. | Monthly Release (FTS) November,2019 | - | 70 |
| 07. | Telephone Index, BBS-2000 | - | 1500 |
| 08. | Monthly Release (CPI and (WRI) in Bangladesh, January,2020 | - | 150 |
| 09. | Monthly Release (FTS) December,2019 | - | 70 |
| 10. | Monthly Release (IPS) October,2019 | - | 70 |
| 11. | বঙ্গাবন্ধু ও জাতীয় পরিসংখ্যান সংস্থা | - | ২৬০০ |
| 12. | Monthly Release (CPI) and (WRI) in Bangladesh, February,2020 | - | 150 |
| 13. | 45 Years Production Statistics of Major Crops, January, 2018 | 50 | 350 |
| 14. | Monthly Release (FTS) January, 2020 | - | 50 |

| | | | |
|---|---|---|---|
| 15. | Monthly Release (FTS) February, 2020 | - | 50 |
| 16. | Monthly Release (IPS) November,2019 | - | 50 |
| 17. | Monthly Release (IPS) December,2019 | - | 50 |
| 18. | Monthly Release (FTS) March, 2020 | - | 50 |
| 19. | Monthly Release (CPI) April, 2020 | - | 150 |
| 20. | Monthly Release (CPI) May, 2020 | - | 150 |
| 21. | Monthly Release (IPS) January, 2020 | - | 70 |
| 22. | Bangladesh Statistics 2019 | - | 500 |
| 23. | Monthly Release (CPI and (WRI) in Bangladesh, March,2020 | - | 50 |
| 24. | Monthly Statistical Bulletin Bangladesh, October,2019 | 75 | 75 |
| 25. | Statistic Pocketbook, 2019 | 1000 | 1500 |
| 26. | Monthly Release (FTS) April, 2020 | - | 50 |
| 27. | Monthly Statistical Bulletin Bangladesh, December,2019 | 75 | 75 |
| 28. | Monthly Release (FTS) May, 2020 | - | 50 |
| 29. | Monthly Release (IPS) February, 2020 | - | 70 |
| 30. | Monthly Release (IPS) March, 2020 | - | 70 |
| 31. | Report on Servey of Travel Agent Tour Operator & Clearing and Forwarding Agent, 2019 | - | 500 |
| 32. | Monthly Statistical Bulletin Bangladesh, February, 2019 | 75 | 75 |
| 33. | Monthly Release (IPS) April, 2020 | - | 70 |
| 34. | Monthly Release (FTS) June, 2020 | - | 50 |
| 35. | Monthly Release (CPI) and (WRI) in Bangladesh, July,2020 | - | 250 |
| 36. | Monthly Statistical Bulletin Bangladesh, April, 2020 | 75 | 75 |
| 37. | Monthly Release (CPI) and (WRI) in Bangladesh, June,2020 | - | 150 |
| 38. | Monthly Release (CPI) and (WRI) in Bangladesh, August,2020 | - | - |
| 39. | Monthly Release (FTS) July, 2020 | - | 50 |
| 40. | Monthly Release (IPS) May, 2020 | - | 70 |

| | | | |
|---|---|---|---|
| 41. | বিশ্ব পরিসংখ্যান দিবস-২০২০ (স্মরণিকা) | ৩০০ | - |
| 42. | Monthly Release (FTS) August, 2020 | 50 | - |
| 43. | Monthly Release (IPS) June, 2020 | - | 70 |
| 44. | Monthly Release (CPI) September, 2020 | - | 25 |
| 45. | Statistical Yearbook Bangladesh, 2019 | 250 | 750 |
| 46. | Monthly Release (FTS) September, 2020 | | 40 |

| Serial No. | Name of the publication | Sale Copy | Complimentary Copy |
|---|---|---|---|
| 47 | কৃষি পরিসংখ্যান বর্ষগ্রন্থ-২০১৯ (Yearbook of Agricultural Statistics,2019 | 200 | 960 |
| 48. | Monthly Release (CPI) and (WRI) in Bangladesh, October,2020 | - | 250 |
| 49. | বার্ষিক প্রতিবেদন-২০১৯ বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো | - | ১০০ |
| 50. | Foreign Trade Statistics of Bangladesh, 2018-19 | 80 | 70 |
| 51 | Monthly Release (FTS) October, 2020 | - | 40 |
| 52. | Monthly Release (CPI) and (WRI) in Bangladesh, December,2020 | - | 250 |
| 53. | বার্ষিক প্রতিবেদন, ২০১৯-২০, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ | | 700 |
| 54. | World Statistics Day, 2020 (Souvenir) বিশ্ব পরিসংখ্যান দিবস ২০২০ (স্মরণিকা) | | 300 |

- এছাড়াও প্রশিক্ষণ বর্ষপঞ্জী, ২০২০-২০২১ (১০০ কপি),কৃষি নমুনা শুমারী-২০২০ তথ্য সংগ্রহ নির্দেশিকা তফসিল (২২০০ কপি), কৃষি নমুনা শুমারি ২০২০ প্রশ্নপত্র (১,৬০,০০০ কপি),দরছক নং-১, ২, ৩, ৪ (২২৫০ সেট) প্রকাশিত হয়।

## ৫.১.৭ বিবিএস লাইব্রেরি:

বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর লাইব্রেরি পরিসংখ্যান বিষয়ক একটি বিশেষায়িত লাইব্রেরি। প্রায় ৩২ হাজার সংগ্রহ, রেফারেন্স ও দুষ্প্রাপ্য পুস্তক সহ পরিসংখ্যান ভবনের ২য় তলায় নতুন লাইব্রেরি এবং তোপখানা রোড, আনসারিভবন, ঢাকা, ২য় তলায় পুরাতন লাইব্রেরি অবস্থিত। আধুনিক সকল ধরণের সুযোগ সুবিধা সম্বলিত সরকারি পর্যায়ে এটি একটি অন্যতম লাইব্রেরি। লাইব্রেরিতে একসাথে

প্রায় শতাধিক পাঠকের পড়ার ব্যবস্থা আছে। বর্তমানে লাইব্রেরিতে মুক্তিযুদ্ধ বিষয়ক পুস্তক প্রকাশনা সম্বলিত একটি কর্ণার, আর্ন্তজাতিক মানের ৪০০ টি ই-বুক এবং বিবিএস প্রকাশিত সকল বইয়ের ই-বুক সম্বলিত পাঠক বান্ধব কর্ণার স্থাপন করা হয়েছে। এছাড়াও রেফারেন্স সেবা, ফটোকপি সেবা, দশটি জাতীয় দৈনিক পত্রিকা, মাসিক পত্রিকা এবং ইন্টারনেট সেবা প্রদান করা হয়। সকল স্তরের পাঠক এ লাইব্রেরি ব্যবহারের সুযোগ পেয়ে থাকেন।

## ২০২০ সালে লাইব্রেরি কার্যক্রমঃ

- পাঠকদের চাহিদা অনুসারে তথ্য, ফটোকপি, ইন্টারনেট ও অনলাইন সেবা প্রদান করা হয়।
- নিয়মিত ভাবে ১০টি সংবাদপত্র ও ২টি সাময়িকী পাঠকদের জন্য রাখা হয়।
- বিবিএস বহির্ভুত গত এক বছরে পাঠকের সংখ্যা ১৮২ জন।
- লাইব্রেরি কার্ড ইস্যু করা হয়।
- বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর কর্মকর্তা/কর্মচারীদের মধ্যে বই ইস্যু করা হয়।
- বিবিএস এর কর্মকর্তা/কর্মচারীকে না-দাবী সনদ প্রদান করা।
- লাইব্রেরিতে বহিরাগত পাঠকদের ফটোকপি সেবা প্রদান করা হয়।
- দেশি বিদেশি পাঠকদের ডিজিটাল তথ্য সেবা প্রদান করা হয়।
- বিবিএস প্রকাশিত (২৫১০) টি বইয়ের PDF ও e-Book কপি লাইব্রেরিতে সংরক্ষিত আছে।
- বিবিএস সম্পর্কিত নিউজ ক্লিপিং করা হয়।

## ৭.০ ইন্ডাস্ট্রি এন্ড লেবার উইং (Industry and Labour Wing):

### ৭.১ ইন্ডাস্ট্রি এন্ড লেবার উইং এর কার্যাবলী :

বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর আটটি উইংয়ের মধ্যে ইন্ডাস্ট্রি অ্যান্ড লেবার উইং অন্যতম যা দেশের শিল্প ও শ্রম নির্ভর পরিসংখ্যান প্রণয়নে একনিষ্ঠ দায়িত্ব পালনে বদ্ধপরিকর।

**উইংয়ের কার্যাবলীঃ**

১) লেবার ফোর্স সার্ভে (LFS)-এর মাধ্যমে শ্রম বাজার সূচক প্রণয়ন
২) বিজনেস রেজিস্টার (BR) গঠন ও হালনাগাদকরণ

৩) উৎপাদন শিল্প প্রতিষ্ঠান জরিপ (SMI) পরিচালনা
৪) সংস্হাপন ও প্রাতিষ্ঠানিক জরিপ (EIS) পরিচালনা
৫) জাতীয় পরিসংখ্যান শ্রেণিবিন্যাসকরণ (শিল্প, পেশা এবং পণ্য শ্রেণিবিন্যাস )
৬) অনানুষ্ঠানিকখাতের পরিসংখ্যান (ISS) প্রণয়ন
৭) ICT জরিপ পরিচালনার মাধ্যমে ICT সূচক প্রণয়ন

❖ Labour Force Survey (LFS): বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো কর্তৃক পরিচালিত জরিপগুলোর মধ্যে শ্রমশক্তি জরিপ একটি গুরুত্বপূর্ণ জরিপ। উক্ত জরিপের মাধ্যমে শ্রমশক্তি, টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রা এবং শ্রমবাজারের সাথে কর্মসংস্থান সম্পর্কিত গুরুত্বপূর্ণ নির্দেশকসমূহ বের করা হয়। শ্রমশক্তি জরিপ এর মাধ্যমে লিঙ্গাভিত্তিক কর্মসংস্থান, বেকারত্ব, শ্রম অভিবাসন, খাত এবং পেশাভেদে শ্রমশক্তি, প্রাতিষ্ঠানিক এবং অ-প্রাতিষ্ঠানিক কর্মসংস্থান, কর্মঘন্টা এবং মজুরি সংক্রান্ত পরিসংখ্যান প্রস্তুত করা হয়। জরিপটির মাধ্যমে নিম্নক্ত গুরুত্বপূর্ণ নির্দেশকসমুহ জানা সম্ভব ;

❖ দেশের মোট যুবকর্মসংস্থান এর পরিমাণ ও হার (Total number of youth employment and rate)
❖ দেশের মোট বেকার এর পরিমাণ ও হার (Total number of unemployment and rate)
❖ উনিনিয়োজন হার (Underemployment rate)
❖ শ্রমশক্তিতে অংশগ্রহণকারীর হার (Labour force participation rate)
❖ কর্মমর্যাদা অনুযায়ী কর্মসংস্থান এর পরিমাণ (Number of employment by job status)
❖ শিল্প সেক্টর অনুযায়ী কর্মসংস্থান এর পরিমাণ (Number of employment by industry)
❖ পেশাভিত্তিক কর্মসংস্থান এর পরিমাণ (Number of employment by occupation)
❖ অর্থনৈতিক কাজে ব্যয়িত সময় (Time spent in economic activity)
❖ অ-অর্থনৈতিক কাজে ব্যয়িত সময় (Time spent in non-economic activity)
❖ পেশাগত নিরাপত্তা ও স্বাস্থ্য (Occupational safety & health)
❖ স্বেচ্ছাসেবামূলক কাজ ও ব্যয়িত সময় (Volunteer activity and time spent)

* Survey of Manufacturig Industries (SMI): উৎপাদন শিল্প জরিপ (SMI) বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর একটি নিয়মিত কাজ এবং বাংলাদেশের শিল্প পরিসংখ্যানের অন্যতম প্রধান উৎস। এ জরিপটি উৎপাদন শিল্পের অর্থনৈতিক কর্মকান্ডের উপর পরিচালিত হয়। উৎপাদন শিল্পের গঠন বিশেষ করে মালিকানার অবস্থা (যেমনঃ একক স্বত্ত্বাধিকারী কিংবা অংশীদারিত্ব), অর্ন্তবর্তী খরচ, স্থায়ী সম্পদ; লিঙ্গাভিত্তিক কর্মে নিয়োজিত মোট জনবল; জাতীয় অর্থনীতিতে উৎপাদন শিল্পখাতের Gross output এবং Gross Value Addition সংক্রান্ত তথ্য এই জরিপ এর মাধ্যমে পাওয়া যায়। তাছাড়া জরিপটির মাধ্যমে নিম্নক্ত গুরূত্বপূর্ণ নির্দেশকসমুহ জানা সম্ভব ;

- ১০+ কর্মরত জনবলবিশিষ্ট প্রতিষ্ঠান;
- শিল্প শ্রেণিবিভাগ এবং মালিকানা;
- শিল্প, লিঙ্গা, কর্মের প্রকারভেদে কর্মসংস্হান;
- প্রকারভেদে বেতন, মজুরী এবং প্রাপ্ত সুবিধা
- প্রকারভেদে নীট স্থাবর সম্পদ;
- মধ্যবর্তী ব্যয়;
- শিল্প ও অ-শিল্প ব্যয়;
- মোট উৎপাদন ও মোট মূল্য সংযোজন।

* Establishment & Institution Survey (EIS): বাংলাদেশে বিভিন্ন অর্থনৈতিক প্রতিষ্ঠান এবং সংস্থা সংক্রান্ত বিভিন্ন পরিসংখ্যান যেমন- মালিকানার অবস্থা (যেমনঃ একক স্বত্বাধিকারী কিংবা অংশীদারিত্ব), অন্তর্বর্তী খরচ, স্থায়ী সম্পদ; লিঙ্গভিত্তিক কর্মে নিয়োজিত মোট জনবল; জাতীয় অর্থনীতিতে অর্থনৈতিক প্রতিষ্ঠানের Gross output এবং Gross Value Addition সংক্রান্ত তথ্য এই জরিপ এর মাধ্যমে পাওয়া যায়। তাছাড়া জরিপটির মাধ্যমে নিম্নোক্ত গুরূত্বপূর্ণ নির্দেশকসমুহ জানা সম্ভব;

- শিল্প শ্রেণিবিভাগ এবং মালিকানা;
- শিল্প, লিঙ্গ, কর্মের প্রকারভেদে কর্মসংস্থান;
- প্রকারভেদে বেতন, মজুরী এবং প্রাপ্ত সুবিধা;
- প্রকারভেদে নীট স্থাবর সম্পদ;
- মোট উৎপাদন ও মোট মূল্য সংযোজন।

* Business Directory: শিল্প সংক্রান্ত জরিপের Sampling Frame প্রস্তুত করার জন্য প্রতিষ্ঠানগুলোর তথ্য হালনাগাদ করা প্রয়োজন। পরিসংখ্যানগত উদ্দেশ্যে প্রতিষ্ঠানের একটি হালনাগাদ ও ব্যাপক তালিকা উৎপাদন যা নমুনা জরিপ পরিচালনার জন্য নমুনা কাঠামো হিসেবে ব্যবহৃত হয়। ইন্ডাস্ট্রি এন্ড লেবার উইং স্থায়ী প্রতিষ্ঠানগুলোর তালিকা হালনাগাদ করে থাকে। বিজনেস ডিরেক্টরি হালনাগাদকরণ কার্যক্রমের মধ্যে যে বিষয়গুলো অন্তর্ভুক্ত তা হল:- ১) প্রতিষ্ঠানের নাম ও যোগাযোগের ঠিকানা; ২) প্রতিষ্ঠানের অবস্থান; ৩) আরম্ভের বছর; ৪) অফিসের ধরন; ৫) প্রধান অর্থনৈতিক কর্মকান্ড; ৬) প্রধান উৎপাদিত দ্রব্য/সেবা; ৭) রেজিস্ট্রেশনের ধরন; ৮) প্রাতিষ্ঠানিক সেক্টর; ৯) প্রতিষ্ঠানের ধরন; এবং ১০) লিঙ্গভেদে স্থায়ী, অস্থায়ী মোট কর্মরত জনবল ১১) ১০ ও তদুর্ধ্ব জনবল বিশিষ্ট সকল ধরণের শিল্প ও সেবা প্রতিষ্ঠানের হালনাগাদ ডেটাবেইজ;

- নাম ও ঠিকানাসহ প্রতিষ্ঠানের হালনাগাদকৃত তালিকা;
- যোগাযোগের জনবলভিত্তিক শিল্প শ্রেণিবিভাগ;
- প্রতিষ্ঠানভিত্তিক শিল্প শ্রেণিবিভাগ;
- উৎপাদিত দ্রব্য এবং ভোগ্য সেবা;
- শিল্প জরিপের নমুনা কাঠামো প্রদান।

* Statistical Classification: পরিসংখ্যানিক শ্রেনীবিন্যাস (Statistical Classification) বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর একটি অন্যতম গুরুত্বপূর্ণ কাজ। বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো ইতোপূর্বে International Standard Industrial Classification (ISIC) Rev4 অনুসরণে Bangladesh Standard Industrial Classification (BSIC) 2009 এবং International Standard Classification of Occupations (ISCO)-2008 অনুসরণে Bangladesh Standard Classification of Occupations (BSCO) 2012 প্রকাশ করে। BCPC (Bangladesh Central Product Classification ) 2012 পন্য ও সেবার শ্রেনী বিন্যাসের জন্য প্রস্তুত করা হয় ।

- শিল্প ও শ্রম সংক্রান্ত জরিপে যে সকল কোড ব্যবহৃত হয় তা Bangladesh Standard Industrial Classification (BSIC) 2009 থেকে দেয়া হয় এবং পেশা সংক্রান্ত সমস্ত কোড Bangladesh Standard Classification of Occupations (BSCO) 2012 অনুসারে দেয়া হয় । পৃথিবীর বিভিন্ন উন্নয়নশীল দেশের ন্যায় বাংলাদেশেও আন্তর্জাতিক সংস্থাসমূহের সুপারিশ মোতাবেক জাতীয় পরিসংখ্যান পদ্ধতি উন্নয়ন ও বাস্তবায়ন কর্মসূচি গ্রহণ করা হয়েছে। নতুন নতুন শিল্প এবং সেবা কে অর্ন্তভুক্ত করার জন্য মূলত Statistical Classification অর্থাৎ BSIC 2009 ও BSCO 2012 হালনাগাদকরণের (updating) উদ্যোগ গ্রহণ করা হয়েছে। পরিসংখ্যানের প্রকাশিত তথ্যাবলী আর্ন্তজাতিক ভাবে তুলনার জন্য Classification অত্যন্ত জরুরী ।

ক. শিল্পজাত শ্রেণিবিভাগ (BSIC)

- আন্তজার্তিক শ্রেণিবিভাগের নিয়মানুযায়ী দেশের সকল অর্থনৈতিক কার্যক্রমের শিল্পজাত শ্রেণিবিভাগ

খ. পেশাভিত্তিক শ্রেণিবিভাগ (BSCO);

- আন্তজার্তিক তুলনাযোগ্যতা বজায় রেখে অর্থনীতিতে অন্তর্ভুক্ত সকল পেশাগত কার্যক্রমের পেশাভিত্তিক শ্রেণিবিভাগ;

গ. পণ্য শ্রেণিবিভাগ (BCPC)

- পণ্য ও সেবা উৎপাদনের জন্য পণ্য ও সেবা শ্রেণিবিভাগ।

## ◊ ইন্ডাস্ট্রি এন্ড লেবার উইং এর আওতায় ০১ জানুয়ারি-৩১ ডিসেম্বর, ২০২০ খ্রি: পর্যন্ত  কার্যাবলির বিবরণ

### ৭.২ Statistical Classification (BSIC & BSCO)

| | | |
|---|---|---|
| ◆ কর্মকান্ডের নাম | : | Statistical Classification (BSIC & BSCO) |
| বাস্তবায়নকরী সংস্থা | : | বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো। |
| বাস্তবায়নকাল | : | জুলাই ২০১৭-জুন ২০২১ |
| আরম্ভ | : | জুলাই ২০১৭ |
| সমাপ্তি | : | জুন ২০২০ |
| বাজেট বরাদ্দ | : | ৭৮.৬৮ লক্ষ টাকা (রাজস্ব খাত) |
| ২০২০ডিসেম্বর পর্যন্ত কাজের বাস্তব অগ্রগতি (%) | | ৮০% |

### ৭.৩ উৎপাদন শিল্প জরিপ :

| | | |
|---|---|---|
| কর্মকান্ডের নাম | : | উৎপাদন শিল্প জরিপ |
| বাস্তবায়নকরী সংস্থা | | বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো। |
| বাস্তবায়নকাল | | জুলাই ২০১৭-জুন ২০২০ |
| আরম্ভ | | জুলাই ২০১৭ |
| সমাপ্তি | | জুন ২০২০ |
| বাজেট বরাদ্দ | | ১৭৪. ৫০ লক্ষ টাকা (রাজস্ব খাত) |
| ২০২০ এর ডিসেম্বর পর্যন্ত কাজের | | ৯৫% |

## ইন্ডাস্ট্রি এন্ড লেবার উইং উইং এর আওতায় চলমান প্রকল্প

### ৭.৩.১ Institutional cooperation ( between Statistics sweden and BBS) প্রকল্প

| | | |
|---|---|---|
| ◆ কর্মকান্ডের নাম | : | Institutional cooperation ( between Statistics Sweden and BBS ) |
| কর্মকান্ডের উদ্দেশ্য | : | Statistics Sweden কর্তৃক টেকনিক্যাল বিষয়ে প্রয়োজনীয় প্রশিক্ষণ প্রদানের মাধ্যমে কর্মকর্তাদের দক্ষতা বাড়ানো। |
| বাস্তবায়নকরী সংস্থা | : | বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো। |
| বাস্তবায়নকাল | : | জানুয়ারি ২০১৯-জুন ২০২১ |
| আরম্ভ | : | জানুয়ারি  ২০১৯ |
| সমাপ্তি | : | জুন ২০২১ |
| বাজেট বরাদ্দ | : | ১৮৬৪.৪৩ লক্ষ টাকা |

| | | |
|---|---|---|
| ২০২০ ডিসেম্বর পর্যন্ত কাজের বাস্তব অগ্রগতি (%) | : | ১৫% |

## ৭.৩.২ Strengthening Data Collection On Migration কার্যক্রমঃ

| | | |
|---|---|---|
| ◆ কর্মকান্ডের নাম | : | Strengthening Data Collection On Migration |
| কর্মকান্ডের উদ্দেশ্য | : | উল্লিখিত জরিপ হতে এসডিজি সূচক ১০.৭.১-এর তথ্য সরবরাহ। শ্রমশক্তি) LFS (এর জন্য Migration Module আপডেট করা যা পরবর্তীতে শ্রমশক্তি জরিপের সাথে Module হিসেবে ব্যবহার করা হবে |
| বাস্তবায়নকরী সংস্থা | : | বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো। |
| বাস্তবায়নকাল | : | সেপ্টেম্বর ২০১৯ -জুন ২০২০ |
| আরম্ভ | : | সেপ্টেম্বর ২০১৯ |
| সমাপ্তি | : | জুন ২০২০ |
| বাজেট বরাদ্দ | : | ১২৫.৪২ লক্ষ টাকা |
| ২০ ডিসেম্বর পর্যন্ত কাজের বাস্তব অগ্রগতি (%) | : | ১০০ % |

## ♦ ৭.৩.৩ হোটেল এবং রেস্টুরেন্ট জরিপ

| | | |
|---|---|---|
| কর্মকান্ডের নাম | : | হোটেল এবং রেস্টুরেন্ট জরিপ ২০১৮-২০২০ |
| কর্মকান্ডের উদ্দেশ্য | : | মোট উৎপাদিত/ বিক্রিত দ্রব্য ও সেবা জাতীয় পণ্যের মূল্য নিরুপণ, পরিচালন ও যোগান ব্যয় নিরূপণ, লিঙ্গ ও ধরণ অনুযায়ী কর্মসংস্থান, কর্মসংস্হান ব্যয় নিরূপণ, মূল্য সংযোজন নিরূপণ ইত্যাদি। |
| বাস্তবায়নকারী সংস্থা | : | বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো |
| বাস্তবায়নকাল | : | জুলাই ২০১৮ জুন ২০২১ |
| আরম্ভ | : | জানুয়ারি ২০১৯ |
| সমাপ্তি | : | জুন ২০২১ |
| বাজেট বরাদ্দ | : | ১৬৪.৫০ লক্ষ টাকা |
| ২০২০ ডিসেম্বর পর্যন্ত কাজের বাস্তব অগ্রগতি (%) | : | ৬০% |

## ♦ ৭.৩.৪ পাইকারী ও খুচরা ব্যবসা জরিপ

| | | |
|---|---|---|
| কর্মকান্ডের নাম | : | পাইকারী ও খুচরা ব্যবসায় জরিপ ২০২০ |
| কর্মকান্ডের উদ্দেশ্য | : | পাইকারী ও খুচরা ব্যাবসা প্রতিষ্ঠানের পণ্যের পরিচালন ব্যয় নিরূপন, লিঙ্গ ও ধরন অনুযায়ী কর্মসংস্থান নিরূপন, মূল্য সংযোজন নিরূপন এবং জিডিপিতে অবদানের পরিমান নির্ণয় ইত্যাদি। |
| বাস্তবায়নকারী সংস্থা | : | বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো |
| বাস্তবায়নকাল | : | জুলাই ২০১৮ জুন ২০২১ |
| আরম্ভ | : | ফেব্রুয়ারী ২০১৯ |
| সমাপ্তি | : | জুন ২০২১ |
| বাজেট বরাদ্দ | : | ২২৫.৩৭ লক্ষ টাকা (রাজস্ব খাত) |
| ২০২০ ডিসেম্বর পর্যন্ত কাজের বাস্তব অগ্রগতি (%) | : | ৬০% |

## ৮.০ ন্যাশনাল একাউন্টিং উইং (জিডিপি ও বৈদেশিক বানিজ্য শাখা):

### জাতীয় আয় শাখা

- ২০১৯-২০ অর্থ বছরের প্রাথমিক জিডিপি প্রাক্কলন ও প্রকাশ করা হয়েছে। অনুমোদনের পর যথারীতি বিবিএস এর ওয়েবসাইট www.bbs.gov.bd-এ প্রকাশ করা হয়েছে।
- National Accounts Statistics (Provisional Estimates of GDP 2019-20 and Final Estimation of GDP 2018-19) নামক বইটি প্রকাশ করা হয়েছে।
- National Accounts Statistics (Provisional Estimates of GDP 2019-20 and Final Estimation of GDP 2018-19) প্রকাশনাটি বাংলা এবং ইংরেজি উভয় ভাষাতে প্রকাশ করা হয়েছে।
- GDP ভিত্তি বছর 2005-06 থেকে 2015-16 তে পরিবর্তনের ৮৫ ভাগ কাজ সম্পন্ন হয়েছে।
- স্বল্পোন্নত (LDC) দেশ থেকে উত্তরণের নির্ণায়ক GNI per capita, HAI (Human Assets Index) ও EVI (Economic Vulnerability Index) প্রাক্কলন করে ERD তে প্রেরণ করা হয়েছে।
- পরিকল্পনা কমিশন, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ ব্যাংকসহ জাতীয় পর্যায়ে এবং SAARC, UN, UNSD ESCAP, IMF, ADB, World Bank, UNSD, IEA সহ বিভিন্ন আন্তর্জাতিক সংস্থায় চাহিদা মোতাবেক তথ্য সরবরাহ করা হয়েছে।
- ত্রৈমাসিক ভিত্তিতে জাতীয় হিসাব প্রাক্কলনের লক্ষ্যে ন্যাশনাল একাউন্টিং উইং (জিডিপি ও বৈদেশিক বাণিজ্য) কর্তৃক একটি ওয়ার্কিং কমিটি গঠন করা হয়।
- জাতিসংঘের পরিসংখ্যান বিভাগের (UNSD) চাহিত National Accounts Questionnaire (NAQ) 2019-Bangladesh এর জন্য জাতীয় আয়ের তথ্য ও উপাত্ত প্রস্তুত করে প্রেরণ করা হয়েছে।
- এশিয়ান ডেভেলপমেন্ট ব্যাংক এর Key Indicator for Asia and the Pacific 2020 এর তথ্য ও উপাত্ত সরবরাহ করা হয়েছে।
- অষ্টম পঞ্চবার্ষিক পরিকল্পনার জন্য বাংলাদেশ পরিকল্পনা কমিশন হতে চাহিত তথ্য উপাত্ত হালনাগাদ পূর্বক প্রেরণ করা হয়েছে।
- অর্থনৈতিক সম্পর্ক বিভাগের চাহিত তথ্য উপাত্তের (জিডিপি ২০১৯-২০) সাময়িক হিসাব সরবরাহ করা হয়েছে।
- অর্থ বিভাগ কর্তৃক প্রণীতব্য Economic Review এর প্রয়োজনীয় তথ্য উপাত্ত সরবরাহ করা হয়েছে।
- ইউএস জিওলজিকাল সার্ভে ২০২০ এর জন্য প্রয়োজনীয় তথ্য উপাত্ত সরবরাহ করা হয়েছে।
- অষ্টম পঞ্চবার্ষিক পরিকল্পনার উন্নয়ন ফলাফল কাঠামো (DRF) এর জন্য হালনাগাদ তথ্য-উপাত্ত প্রেরণ করা হয়েছে।

### জাতীয় ব্যয় শাখা

- ২০১৯-২০ অর্থ বছরের ব্যয় ভিত্তিক প্রাথমিক জিডিপি প্রাক্কলন ও প্রকাশ করা হয়েছে। অনুমোদনের পর যথারীতি বিবিএস এর ওয়েবসাইট www.bbs.gov.bd প্রকাশ করা হয়েছে।

- ব্যয় ভিত্তিক জিডিপি এর সকল তথ্য ও উপাত্ত National Accounts Statistics (Provisional Estimates of GDP 2019-20 and Final Estimation of GDP 2018-19) নামক বইটিতে প্রকাশ করা হয়েছে।
- ২০১৮-১৯ অর্থ বছরের কেন্দ্রিয় সরকারের রাজস্ব বাজেট শ্রেণিবিন্যাস করে Year Book ও Pocket Book এ তথ্য প্রদান করা হয়েছে।
- ২০১৯-২০ অর্থ বছরের (Budget Estimate) সিটি কর্পোরেশন, জেলা পরিষদ, পৌরসভা ও ইউনিয়ন পরিষদের বাজেট (স্থানীয় সরকার) সংগৃহীত হয়েছে।

**<u>বৈদেশিক বাণিজ্য শাখা</u>**

- জাতীয় রাজস্ব বোর্ড হতে অনলাইনের মাধ্যমে January to December, 2020 মোট ১২ মাসের আমদানী ও রপ্তানী সংক্রান্ত তথ্য সংগ্রহ করা হয়েছে।
- Monthly Release (FTS) এর প্রকাশনাটি জানুয়ারি থেকে ডিসম্বর ২০২০ সময়ে মোট ১২ টি সংখ্যা ওয়েবসাইটে প্রকাশ করা হয়েছে।
- Foreign Trade Statistics of Bangladesh 2018-19 প্রকাশ করা হয়েছে। উল্লেখ্য যে, এটি বছরে একবার প্রকাশ করা হয়ে থাকে।

## ৯.০ ন্যাশনাল একাউন্টিং (মূল্য ও মজুরি) উইং

### মূল্য ও মজুরি শাখাঃ

- নির্ধারিত চার প্রকার দরছকের মাধ্যমে মোট ১৪০ টি (৬৪টি জেলার ১২৮ টি ও ঢাকার ১২টি) মার্কেট হতে বিভিন্ন দ্রব্য ও সেবা মূল্য সংক্রান্ত তথ্য-উপাত্ত সংগ্রহপূর্বক প্রতিমাসে ভোক্তা মূল্য সূচক (Consumer Price Index-CPI), মূল্যস্ফীতির হার (Inflation Rate-IR) ও মজুরি হার সূচক (Wage Rate Index-WRI) প্রস্তুত করে জানুয়ারি/২০২০ হতে ডিসেম্বর/২০২০ সময়কালের মধ্যে ১২টি মাসিক প্রকাশনা প্রস্তুত ও প্রকাশ করা হয়েছে।
- নির্ধারিত চার প্রকার দরছকের মাধ্যমে সংগৃহিত তথ্য ব্যবহার করে প্রতিমাসে নিম্নবর্ণিত সূচকসমূহ তৈরির কাজ সম্পাদন করা হয়েছে:

  ক) ভোক্তা মূল্য সূচক (Consumer Price Index-CPI), মূল্যস্ফীতির হার (Inflation Rate-IR) শহর ও পল্লী জানুয়ারি/২০২০ হতে ডিসেম্বর/২০২০ পর্যন্ত (মাসিক);

  খ) মজুরি হার সূচক (Wage Rate Index-WRI) জানুয়ারি/২০২০ হতে ডিসেম্বর/২০২০ পর্যন্ত (মাসিক);

  গ) গৃহনির্মাণ সামগ্রির মূল্য সূচক (Building Materials Price Index- BMPI) জানুয়ারি/২০২০ হতে ডিসেম্বর/২০২০ পর্যন্ত (মাসিক);

  ঘ) বাড়ি ভাড়া সূচক (House Rent Index-HRI) জানুয়ারি-মার্চ/২০২০ হতে অক্টোবর-ডিসেম্বর/২০২০ পর্যন্ত চার কোয়াটারে প্রস্তুত ও প্রকাশ করা হয়েছে (ত্রৈমাসিক);

- ভোক্তা মূল্য সূচক (Consumer Price Index-CPI) এর ভিত্তি বছর 2005-06 হতে 2015-16 তে পরিবর্তনের কাজ চুড়ান্ত পর্যায়ে রয়েছে।

- মাননীয় পরিকল্পনা মন্ত্রী মহোদয় কর্তৃক ভোক্তার মূল্য সূচক(Consumer Price Index-CPI), মূল্যস্ফীতির হার (Inflation Rate-IR) এবং মজুরি হার সূচক (Wage Rate Index-WRI) প্রতিমাসের প্রথম একনেক সভা পরবর্তী সংবাদ সম্মেলনে প্রকাশ করা হয়েছে।

### চলতি উৎপাদন শাখাঃ

- Quantum Index of Industrial Production (QIIP)-Large and Medium Scale Industries January/2020 থেকে December/2020 সময়ের মধ্যে মোট ১২ টি সংখ্যা প্রকাশিত হয়েছে;
- Quantum Index of Industrial Production (QIIP)-Small Scale Industries 2019-20 অর্থ বছরের ৩টি কোয়ার্টার ও 2020-21 অর্থ বছরেরর ১টি কোয়ার্টারের সূচক প্রাক্কলন করা হয়েছে। উক্ত সূচক মাসিক পরিসংখ্যান বুলেটিন শীর্ষক প্রকাশনায় প্রকাশ করা হয়েছে;
- Industrial Production Statistics (IPS) শীর্ষক মাসিক প্রকাশনাটি January/2020 থেকে December/2020 পর্যন্ত সময়ে মোট ১২ টি সংখ্যা প্রকাশিত হয়েছে।
- Producer Price Index (PPI)-January/2020 থেকে December/2020 পর্যন্ত সময়ে মোট ১২ টি সূচক তৈরি করা হয়েছে। উক্ত সূচকসমূহ মাসিক পরিসংখ্যান বুলেটিন শীর্ষক প্রকাশনায় প্রকাশ করা হয়েছে।
- Quantum Index of Industrial Production-Large and Medium Scale Industries এর ভিত্তি বছর 2005-06 হতে 2015-16 এ পরিবর্তনের কাজ চূড়ান্ত পর্যায়ে রয়েছে;
- Quantum Index of Industrial Production-Small Scale Industries এর ভিত্তি বছর 1995-96 হতে 2015-16 এ পরিবর্তনের কাজ চূড়ান্ত পর্যায়ে রয়েছে;
- Producer Price Index (PPI) এর ভিত্তি বছর 2005-06 হতে 2015-16 এ পরিবর্তনের কাজ চূড়ান্ত পর্যায়ে রয়েছে।

### পান্ডুলিপি (প্রকাশনা) শাখাঃ

- Monthly Statistical Bulletin-Bangladesh জানুয়ারি/২০২০ হতে ডিসেম্বর/ ২০২০ পর্যন্ত মোট ৬টি সংখ্যা প্রকাশিত হয়েছে।
- Statistical Pocketbook-2019 সংখ্যা তথ্য-উপাত্ত সংগ্রহপূর্বক ২০২০ সালে প্রকাশিত হয়েছে।
- Statistical Yearbook Bangladesh/2019 সংখ্যা তথ্য-উপাত্ত সংগ্রহপূর্বক ২০২০ সালে প্রকাশিত হয়েছে।
- Selected Statistics of Bangladesh/2019 সংখ্যা ২০২০ তে প্রকাশিত হয়েছে।

## ১০.০ স্ট্যাটিস্টিক্যাল স্টাফ ট্রেনিং ইনস্টিটিউট (SSTI ):

জাতীয় পরিসংখ্যান প্রতিষ্ঠান হিসাবে বিবিএস জন শুমারি, অর্থনৈতিক শুমারি, কৃষি, মৎস্য ও প্রাণি সম্পদ শুমারিসহ সরকার কর্তৃক নির্ধারিত বিভিন্ন শুমারি পরিচালনা করে। অধিকন্তু খানার আয়-ব্যয় জরিপ ,সার্ভে অব ম্যানুফ্যাকচারিং ইন্ডাষ্ট্রি (এসএমআই), ভোক্তার মূল্য-সূচক, জিডিপি প্রাক্কলনসহ বিভিন্ন বিষয়ে জরিপ পরিচালনা করে আসছে। এ কর্মকান্ডের প্রতিটি স্তরে সংশ্লিষ্ট কর্মকর্তা/কর্মচারিদের দক্ষতা বৃদ্ধির লক্ষ্যে এসএসটিআই নিয়মিতভাবে প্রশিক্ষণ কার্যক্রম পরিচালনা করে আসছে।এসএসটিআই সচিবালয় নির্দেশমালা, Basic Computer প্রশিক্ষণ, পেশাগত দক্ষতা ও সেবার মান বৃদ্ধিকরণ কোর্স, পাবলিক প্রকিউরমেন্ট ম্যানেজম্যান্ট With e-GP, অফিস ব্যবস্থাপনা, গাড়ীচালকদের সচেতনতা বৃদ্ধিমুলক প্রশিক্ষণ, মৌলিক পরিসংখ্যান ইত্যাদি প্রশিক্ষণ কোর্স আয়োজন করে আসছে।

২০২০ সালে এসএসটিআই ৩৬টি প্রশিক্ষণ কোর্সের মাধ্যমে সর্বমোট ৮৭৮ জন কর্মকর্তা/কর্মচারিকে প্রশিক্ষণ প্রদান করেছে। এসএসটিআই কর্তৃক পরিচালিত প্রশিক্ষণ কার্যক্রম দ্বারা বিবিএস এর সকল স্তরের কর্মকর্তা/কর্মচারির কর্মদক্ষতা বৃদ্ধি ও মানসিক

উৎকর্ষ সাধিত হচ্ছে। । ২০২০ সালে বাস্তবায়িত প্রশিক্ষণের বিবরণ নিম্নে বর্ণিত হলো:

| ক্র: নং | প্রশিক্ষণ কোর্সের নাম | সময় | মেয়াদ | প্রশিক্ষণার্থী | প্রশি: সংখ্যা |
|---|---|---|---|---|---|
| ১ | তথ্য অধিকার, শুদ্ধাচার, এপিএ, জিআরএস এবং নাগরিক সেবায় উদ্ভাবন | ২৯ ডি.-২জানু ২০২০ | ৫ কর্ম দিবস | বিবিএস এর কর্মচারি | ৩০ |
| ২ | Web Application Development | ০৫-১৬জানুয়ারি ২০২০ | ১০ কর্ম দিবস | বিবিএস এর কর্মচারি | ২৭ |
| ৩ | Computer Specil Training Course (STATA) | ১৯-২৩ জানুয়ারি ২০২০ | ৫ কর্ম দিবস | বিবিএস এর কর্মচারি | ২৪ |
| ৪ | টেকসই উন্নয়ন অভীস্ট (SDG) এবং ইনোভেশন | ২৬-৩০ জানুয়ারি ২০২০ | ৫ কর্ম দিবস | বিবিএস এর কর্মচারি | ৩০ |
| ৫ | মৌলিক প্রশিক্ষণ | ০২-০৬ ফ্রেব্রুয়ারি ২০২০ | ৫ কর্ম দিবস | বিবিএস এর কর্মচারি | ১৫ |
| ৬ | বেসিক ফিন্যানসিয়াল ম্যানেজমেন্ট | ০৯-১৩ ফ্রেব্রুয়ারি ২০২০ | ৫ কর্ম দিবস | বিবিএস এর কর্মচারি | ৩০ |
| ৭ | বেসিক অফিস ম্যানেজমেন্ট | ১৬-২০ ফ্রেব্রুয়ারি ২০২০ | ৫ কর্ম দিবস | বিবিএস এর কর্মকর্তা | ২৯ |
| ৮ | কম্পিউটার লিটারেসি | ০৮-১২ মার্চ ২০২০ | ৫ কর্ম দিবস | বিবিএস এর কর্মচারি | ২৪ |
| ৯ | মৌলিক পরিসংখ্যান | ১৫-২২ মার্চ ২০২০ | ৫ কর্ম দিবস | বিবিএস এর কর্মচারি | ৩০ |
| ১০ | শুদ্ধাচার, বার্ষিক কর্মসম্পাদন চুক্তি এবং নাগরিক সেবায় উদ্ভাবন | ২৩-২৫ মার্চ ২০২০ | ৩ কর্ম দিবস | বিবিএস এর কর্মচারি | ৩০ |
| ১১ | মৌলিক প্রশিক্ষণ | ১৪-১৮ জুন ২০২০ | ৫ কর্ম দিবস | বিবিএস এর কর্মচারি | ১০ |
| ১২ | টেকসই উন্নয়ন অভীস্ট (SDG) | ১২-১৫ জুলাই. ২০২০ | ৪ কর্মদিবস | বিবিএস-এর কর্মকর্তা | ২০ |
| ১৩ | Online Operation of BBS | ১৯-২৩ জুলাই ২০২০ | ৫ কর্মদিবস | বিবিএস-এর কর্মচারী | ২০ |
| ১৪ | তথ্য অধিকার, শুদ্ধাচার, এপিএ, জিআরএস এবং নাগরিক সেবায় উদ্ভাবন | ২৬-২৮ জুলাই ২০২০ | ৩ কর্ম দিবস | বিবিএস-এর কর্মচারী | ২৫ |
| ১৫ | তথ্য অধিকার, শুদ্ধাচার, এপিএ, জিআরএস এবং নাগরিক সেবায় উদ্ভাবন | ১০-১৩ আগস্ট, ২০২০ | ৩ কর্ম দিবস | বিবিএস-এর কর্মচারী | ২৫ |
| ১৬ | টেকসই উন্নয়ন অভীস্ট (SDG) | ১৬-২০ আগস্ট, ২০২০ | ৫ কর্ম দিবস | বিবিএস-এর কর্মচারী | ২৫ |
| ১৭ | Online Operation of BBS | ২৩-২৭ আগস্ট, ২০২০ (২য়ব্যাচ) | ৫ কর্ম দিবস | বিবিএস-এর কর্মচারী | ২০ |
| ১৮ | সচিবালয় নির্দেশমালা-২০১৪ চাকুরী আইন কানুন | ৩১আ.-০৩ সেপ্টে, ২০২০ | ৫ কর্ম দিবস | বিবিএস-এর কর্মচারী | ২৪ |
| ১৯ | মৌলিক পরিসংখ্যান | ০৬-১০ সেপ্টেম্বর ২০২০ | ৪ কর্ম দিবস | বিবিএস-এর কর্মচারী | ২৪ |
| ২০ | সচিবালয় নির্দেশমালা-২০১৪ চাকুরী আইন কানুন | ১৩-১৭ সেপ্টেম্বর ২০২০ | ৫ কর্ম দিবস | বিবিএস-এর কর্মকর্তা | ২৫ |
| ২১ | মৌলিক পরিসংখ্যান | ২০-২৪ সেপ্টে. | ৫ কর্ম দিবস | বিবিএস-এর | ২৫ |

| | | | | | |
|---|---|---|---|---|---|
| | | ২০২০ | | কর্মচারী | |
| ২২ | প্রকল্প ব্যবস্থপনা | ২৫-২৬ সেপ্টে. ২০২০ | ২ কর্ম দিবস | বিবিএস-এর কর্মকর্তা | ৩০ |
| ২৩ | বেসিক অফিস ম্যানেজমেন্ট | ২৭সেপ্টে.-০১অক্টো.২০২০ | ৫ কর্ম দিবস | বিবিএস এর কর্মচারি | ২৫ |
| ২৪ | মৌলিক পরিসংখ্যান | ০৪-০৮ অক্টো. ২০২০ | ৫ কর্ম দিবস | বিবিএস এর কর্মচারি | ২৫ |
| ২৫ | বেসিক অফিস ম্যানেজমেন্ট | ১১-১৫ অক্টো. ২০২০ | ৫ কর্ম দিবস | বিবিএস এর কর্মচারি | ২৫ |
| ২৬ | বেসিক ফিন্যানসিয়াল ম্যানেজমেন্ট | ১৮-২২ অক্টো. ২০২০ | ৫ কর্ম দিবস | বিবিএস এর কর্মচারি | ২৪ |
| ২৭ | নাগরিক সেবায় উদ্ভাবন (ইনোভেশন) | ২৫-২৯ অক্টো. ২০২০ | ৫ কর্ম দিবস | বিবিএস এর কর্মচারি | ২৫ |
| ২৮ | স্টাফ ডেভেলপমেন্ট | ০১-০৫ নভেম্বর ২০২০ | ৫কর্ম দিবস | বিবিএস এর কর্মচারি | ২৫ |
| ২৯ | সচেতনতা বৃদ্ধিমূলক” প্রশিক্ষণ | ০৮-১২ নভেম্বর ২০২০ | ৫ কর্ম দিবস | বিবিএস এর কর্মচারি | ২৫ |
| ৩০ | স্টাফ ডেভেলপমেন্ট” প্রশিক্ষণ | ১৫-১৯ নভেম্বর ২০২০ | ৫ কর্ম দিবস | বিবিএস এর কর্মচারি | ২৫ |
| ৩১ | বেসিক অফিস ম্যানেজমেন্ট” প্রশিক্ষণ | ২২-২৬ নভেম্বর ২০২০ | ৫ কর্ম দিবস | বিবিএস এর কর্মচারি | ২৫ |
| ৩২ | STATA বিষয়ক প্রশিক্ষণ | ২৯নভে-০৩ডিসেম্বর ২০২০ | ৫ কর্ম দিবস | বিবিএস এর কর্মচারি | ২০ |
| ৩৩ | স্টাফ ডেভেলপমেন্ট” প্রশিক্ষণ | ০৬-১০ ডিসেম্বর ২০২০ | ৫ কর্ম দিবস | বিবিএস এর কর্মচারি | ২৫ |
| ৩৪ | নাগরিক সেবায় উদ্ভাবন এবং জাতীয় শুদ্ধাচার কৌশল | ১৩-১৭ ডিসেম্বর ২০২০ | ৪ কর্ম দিবস | বিবিএস এর কর্মচারি | ২৫ |
| ৩৫ | স্টাফ ডেভেলপমেন্ট | ২০-২৪ ডিসেম্বর ২০২০ | ৫ কর্ম দিবস | বিবিএস এর কর্মচারি | ২০ |
| ৩৬ | মৌলিক প্রশিক্ষণ | ২৭-৩১ ডিসেম্বর ২০২০ | ৫ কর্ম দিবস | বিবিএস এর কর্মচারি | ২২ |
| | | | | **সর্বমোট =** | **৮৭৮** |

## ১১.০ জনশুমারি ও গৃহগণনা ২০২১ প্রকল্প :

প্রকল্পের নাম : জনশুমারি ও গৃহগণনা ২০২১ প্রকল্প

প্রকল্পের মেয়াদ : ০১ জুলাই ২০১৯ – ৩০ জুন ২০২৪ খ্রি.

একনেক সভার তারিখ :২৯ অক্টোবর ২০১৯ খ্রি.

পরিকল্পনা কমিশন কর্তৃক প্রকল্প অনুমোদনের আদেশ জারির তারিখ :১৯ নভেম্বর ২০১৯ খ্রি.

প্রকল্পের প্রশাসনিক আদেশ জারির তারিখ : ২১ নভেম্বর ২০১৯ খ্রি.

প্রকল্পের প্রাক্কলিত ব্যয় :

| | |
|---|---|
| (ক) জিওবি | : ১৫৭,৮৬৮.০০ লক্ষ টাকা |
| (খ) প্রকল্প সাহায্য | : ১৮,৩১১.০০ লক্ষ টাকা |
| (গ) মোট | : ১৭৬,১৭৯.০০ লক্ষ টাকা |

**জনশুমারি ও গৃহগণনা ২০২১ এর প্রধান উদ্দেশ্যসমূহ:**

(ক) একটি নির্দিষ্ট রেফারেন্স তারিখে প্রতিটি খানা ও খানার সদস্যগণকে গণনার অন্তর্ভুক্ত করে বাংলাদেশের ষষ্ঠ জনশুমারি ও গৃহগণনা ২০২১ পরিচালনা করা;

(খ) মূল শুমারির সম্পূরক হিসেবে বিশদ প্রশ্নপত্রের মাধ্যমে নির্বাচিত নমুনা এলাকা হতে বিস্তারিত আর্থসামাজিক তথ্য সংগ্রহ

| | |
|---|---|
| ফিল্ড অপারেশন | ১। গত ২৫/০২/২০২০ হতে ০৫/০৩/২০২০ সময়ে ম্যাপিং ও জোনাল অপারেশন পরিচালিত হয়।<br>(উক্ত কার্যক্রমের মাধ্যমে জোন গঠন, মৌজা/মহল্লার ম্যাপ সাম্প্রতিকরণ, তালিকাকারী ও সুপারভাইজার স্ক্যাচ ম্যাপ প্রস্তুত, তালিকা/গণনা এলাকা নির্দিষ্টকরণ, তালিকাকারী ও সুপারভাইজারের সংখ্যা নির্ধারণ করা হয়।)<br>২। স্যাটেলাইট ইমেজ ব্যবহারপূর্বক গণনা এলাকা ম্যাপ প্রস্তুত কার্যক্রম বাস্তবায়নে পাইলটিং হিসেবে ঢাকা উত্তর সিটি করপোরেশনের ৩৫ নং ওয়ার্ডে (১৩ ও ১৪ নভেম্বর/২০২০) এবং নেত্রকোনা জেলার নেত্রকোনা সদর উপজেলার কাইলাটি ইউনিয়নে (২১, ২২ ও ২৩ নভেম্বর/২০২০) পাইলট ম্যাপিং কার্যক্রম পরিচালিত হয়।<br>৩। মূল শুমারির প্রশ্নপত্রের প্রি-টেস্টিং কার্যক্রম গত ০২-০৪ অক্টোবর/২০২০ তারিখে ১ম পর্যায়ে জামালপুর, পটুয়াখালী, রাজশাহী, রাঙ্গামাটি, সাতক্ষীরা, সুনামগঞ্জ ও ঢাকায় এবং ০৯-১১ অক্টোবর/২০২০ তারিখে ২য় পর্যায়ে ব্রাহ্মণবাড়িয়া সদর ও নীলফামারী জেলায় ডিমলা উপজেলায় পরিচালিত হয়। |
| প্রশাসনিক কার্যক্রম ও বিভিন্ন কমিটির সভা অনুষ্ঠান সংক্রান্ত | ১) গত ২০২০ সালে প্রকল্পের ‘স্টিয়ারিং কমিটি’র ০৩ (তিন)টি (২য়, ৩য় ও ৪র্থ) সভা অনুষ্ঠিত হয়।<br>২) ‘টেকনিক্যাল কমিটি’র ০৪ (চার)টি (২য়, ৩য়, ৪র্থ ও ৫ম) সভা অনুষ্ঠিত হয়।<br>৩) শুমারি ‘প্রচার কমিটি’র ০৪ (চার)টি (৩য়, ৪র্থ, ৫ম ও ৬ষ্ঠ) সভা অনুষ্ঠিত হয়।<br>৪) ‘প্রকল্প বাস্তবায়ন কমিটি (পিআইসি)’র ০৩ (তিন)টি (২য়, ৩য় ও ৪র্থ) সভা অনুষ্ঠিত হয়।<br>৫) ‘ওয়ার্কিং গ্রুপ’-এর ০৭ (সাত)টি (১ম, ২য়, ৩য়, ৪র্থ, ৫ম, ৬ষ্ঠ ও ৭ম) সভা অনুষ্ঠিত হয়। |
| বিভাগীয় পর্যায়ে মত বিনিময় সভা আয়োজন | জানুয়ারি, ফেব্রুয়ারি ও মার্চ, ২০২০ সময়ে যথাক্রমে চট্টগ্রাম, সিলেট, ঢাকা ও রাজশাহী বিভাগে মাননীয় পরিকল্পনা মন্ত্রী মহোদয়ের উপস্থিতিতে ‘জনশুমারি ও গৃহগণনা ২০২১’ বিষয়ে মত বিনিময় সভার আয়োজন করা হয়। |
| বাজেট বরাদ্দ ও অবমুক্তি | বাংলাদেশ পরিসংখ্যান ব্যরোর ‘জনশুমারি ও গৃহগণনা ২০২১’ প্রকল্পের অনুকূলে ২০২০-২১ অর্থবছরের বার্ষিক উন্নয়ন কর্মসূচিতে বরাদ্দ রয়েছে মোট ৫,২৬৭.০০ (বায়ান্ন কোটি সাতষট্টি) লক্ষ টাকা এর মধ্যে জিওবি ৪,০০০.০০ (চল্লিশ কোটি) লক্ষ টাকা। (রাজস্ব ৩,৭০০.০০ (সাইত্রিশ কোটি) লক্ষ টাকা এবং মুলধন ৩০০.০০ (তিন কোটি) লক্ষ টাকা এবং প্রকল্প সাহায্য ১,২৬৭.০০ (এক হাজার দুইশত সাতষট্টি কোটি) লক্ষ টাকা। জিওবি বরাদ্দকৃত ৪,০০০.০০ (চল্লিশ কোটি) টাকা হতে ১ম, ২য় ও ৩য় কিস্তিতে (১,০০০.০০+১,০০০.০০+ ৫০০.০০) ২৫০০.০০ (পঁচিশ কোটি) লক্ষ টাকা অবমুক্ত করা হয়েছে এবং ব্যয় হয়েছে জিওবি ৪,৬৫৭০.০০ (চার কোটি পঁষট্টি লক্ষ সত্তর হাজার) লক্ষ টাকা। |

করা;

(গ) বাংলাদেশি নাগরিকের পাশাপাশি বাংলাদেশে অবস্থানরত বিদেশি নাগরিক এবং বিদেশে অবস্থানরত বাংলাদেশি নাগরিকদের শুমারির গণনায় অন্তর্ভুক্ত করা;

(ঘ) ব্যষ্টিক ও সামষ্টিক পর্যায়ে পরিকল্পনা গ্রহণ ও উন্নয়ন কর্মকান্ড পরিচালনার নিমিত্ত বেঞ্চমার্ক তথ্য সংগ্রহ করা;

(ঙ) সকল ধরনের খানাভিত্তিক আর্থসামাজিক জরিপের জন্য নমুনা ফ্রেম (Integrated Multi-Purpose Sample- IMPS) প্রস্তুত করা;

(চ) জেলাভিত্তিক জনসংখ্যার দীর্ঘমেয়াদি প্রক্ষেপণ করা;

(ছ) জাতীয় ও স্থানীয় পর্যায়ের সকল নির্বাচনের জন্য নির্বাচনী এলাকা নির্ধারণের জন্য তথ্য সরবরাহ করা;

(জ) জাতীয় সম্পদের বণ্টন ও সরকারি চাকুরিতে কোটা নির্ধারণে তথ্য সরবরাহ করা; এবং

(ঝ) মনোগ্রাফ প্রস্তুত, টেকসই উন্নয়ন অভীষ্ট পরিবীক্ষণ, অর্থনৈতিক উন্নয়ন সাধনের মাধ্যমে দারিদ্র্য দূরীকরণে পরিকল্পনা টুল (উপজেলাভিত্তিক দারিদ্র্য মানচিত্র) প্রস্তুতে উপাত্ত সরবরাহ, উৎপাদনশীল কর্মসংস্থান সৃষ্টি, মানবসম্পদ উন্নয়ন, মানসম্মত শিক্ষা, সুস্বাস্থ্য ও পুষ্টির নিশ্চয়তা সংক্রান্ত তথ্য সরবরাহ করা।

**২০২০ সালের বাস্তবায়ন অগ্রগতি:**

**আলোকচিত্র:**




*চিত্র:৫- সার্কিট হাউজ, বরিশাল এ বরিশাল বিভাগের বিভাগীয় পর্যায়ের কর্মকর্তাগণ, জেলা প্রশাসকবৃন্দ, জেলা পরিষদের প্রধান নির্বাহী কর্মকর্তাগণের উপস্থিতিতে 'জনশুমারি ও গৃহগণনা ২০২১' বিষয়ে আয়োজিত মত বিনিময় সভায় প্রধান অতিথি হিসেবে জনাব এম. এ. মান্নান এমপি, মাননীয় মন্ত্রী, পরিকল্পনা মন্ত্রণালয় বক্তৃতা প্রদান করেন।*

## ১২.০ কৃষি (শস্য, মৎস্য ও প্রাণিসম্পদ) শুমারি ২০১৮ প্রকল্প:

প্রকল্প পরিচিতি:

| | | |
|---|---|---|
| প্রকল্পের নাম | : | কৃষি (শস্য, মৎস্য ও প্রাণিসম্পদ) শুমারি ২০১৮ প্রকল্প |
| বাস্তবায়নকারী সংস্থা | : | বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো |
| বাস্তবায়নকাল | : | ১ মে ২০১৭ হতে ৩১ ডিসেম্বর ২০২০ |
| প্রাক্কলিত ব্যয় | : | ৩৬৪৫১.৬৭ লক্ষ টাকা |

**ভূমিকা:**

বাংলাদেশের অর্থনীতিতে কৃষির অবদান অপরিসীম। দেশের শ্রমশক্তির ৪০.৬% কৃষি কাজে নিয়োজিত। দেশের জিডিপিতে কৃষির বর্তমান অবদান ১৩.৩১%। জনসংখ্যা বৃদ্ধি, ক্রমহ্রাসমান কৃষি জমি ,জলবায়ু পরিবর্তন ,বন্যা, খরা, লবণাক্ততাসহ নানাবিধ প্রতিকূলতা সত্ত্বেও খাদ্যশস্য উৎপাদনে বাংলাদেশ এখন বিশ্বে রোল মডেল। বাংলাদেশ আজ স্বল্পোন্নত দেশ হতে উন্নয়নশীল দেশের অভিযাত্রায় অগ্রসরমান। টেকসই উন্নয়ন পরিকল্পনার মাধ্যমে কৃষি খাতকে আরো এগিয়ে নিতে সঠিক তথ্য প্রয়োজন। কৃষি শুমারিতে কৃষি খানার সংখ্যা, খানার আকার, ভূমির মালিকানা, ভূমির ব্যবহার, কৃষির প্রকার, শস্যের ধরন, চাষ পদ্ধতি, গবাদিপশু ও হাঁস-মুরগির সংখ্যা, মৎস্য চাষ, কৃষি ক্ষেত্রে নিয়োজিত জনবল সম্পর্কিত তথ্য পাওয়া যায়। এ উপাত্ত ব্যবহার করে কৃষি খাতের সুষ্ঠু পরিকল্পনার মাধ্যমে অধিক খাদ্য উৎপাদন নিশ্চিত করা সম্ভব হয়। অত্র ভূ-খন্ডে ১৯৬০ সালে প্রথম কৃষি শুমারি অনুষ্ঠিত হয়। স্বাধীনতা পরবর্তী ১৯৭৭, ১৯৮৩-৮৪, ১৯৯৬ ও ২০০৮ সালে এদেশে কৃষি শুমারি অনুষ্ঠিত হয়েছে।

**কৃষি শুমারির উদ্দেশ্য:**

- শস্য, মৎস্য ও প্রাণিসম্পদ খাতের পর্যায়ক্রমিক পরিসংখ্যান প্রস্তুত করা;
- কৃষি খাতের কাঠামোগত পরিবর্তন সংক্রান্ত পরিসংখ্যান সরবরাহ করা;
- ভূমির ব্যবহার, চাষযোগ্য জমির প্রকার ও ফসল বৈচিত্র্যের পরিসংখ্যান সরবরাহ করা;
- কৃষি উপকরণ, সেচ ও যন্ত্রপাতি সম্পর্কিত পরিসংখ্যান সরবরাহ করা এবং
- কষি বিষয়ক জরিপের জন্য নমুনায়ন কাঠামো সরবরাহ।

**শুমারির গুরুত্ব:**

- কৃষি বিষয়ক নীতি ও পরিকল্পনা প্রণয়ন;
- ব্যবসা বাণিজ্যে বিনিয়োগ ও সিদ্ধান্ত গ্রহণ;
- কৃষি ও পরিবেশ উন্নয়ন;
- খাদ্য নিরাপত্তা নিশ্চিতকরণ;
- মূল্যায়ন ও পরিবীক্ষণের জন্য ভিত্তি উপাত্ত সরবরাহ এবং
- জাতীয় আয়ে কৃষির অবদান নির্ণয় করা।

**সম্পাদিত কার্যাবলী ২০২০**:

বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো কর্তৃক বাস্তবায়নাধীন কৃষি (শস্য, মৎস্য ও প্রাণিসম্পদ) শুমারি ২০১৮ শীর্ষক প্রকল্পের আওতায় কৃষি নমুনা শুমারি ২০২০ এর মাঠ পর্যায়ে তথ্য সংগ্রহ কার্যক্রম গত ২২ নভেম্বর হতে ২৯ ডিসেম্বর ২০২০ তারিখ সময়ে পরিচালিত হয়। কৃষি নমুনা শুমারি ২০২০ এ বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর বিভিন্ন পর্যায়ের জনবল সরাসরি সম্পৃক্ত থেকে সারাদেশের ৯৮৭৫টি নির্ধারিত নমুনা এলাকা থেকে তথ্য সংগ্রহ কার্যক্রম সম্পন্ন করেন। কৃষি শুমারি ২০১৯ এর গুণগত মান যাচাই (PEC) জরিপ কম্পিউটার উইং এর তত্ত্বাবধানে ২০-৩০ জানুয়ারি ২০২০ তারিখে মাঠ পর্যায়ে তথ্য সংগ্রহ কার্যক্রম সম্পন্ন হয়েছে।

কৃষি শুমারি ২০১৯ এর পূরণকৃত প্রশ্নপত্র ICR পদ্ধতিতে ক্যাপ্চারিং ও প্রসেসিং এর কাজ চলমান রয়েছে। বর্তমানে প্রকল্পের ডিপিপি (২য় পর্যায়) সংশোধন ব্যয় বৃদ্ধি ব্যতিরেকে প্রক্রিয়াধীন রয়েছে।

## ১৩.০ জাতীয় পরিসংখ্যান উন্নয়ন কৌশলপত্র (NSDS) ইমপ্লিমেন্টেশন সাপোর্ট প্রজেক্ট:
<u>(প্রকল্প মেয়াদ: মার্চ ২০১৮ হতে ফেব্রুয়ারি ২০২২ খ্রি. পর্যন্ত)</u>

বাংলাদেশর জাতীয় পরিসংখ্যান ব্যবস্থা (এনএসএস) কে শক্তিশালী ও যুগোপযোগী করার উদ্দেশে পরিকল্পনা মন্ত্রণালয়ের আওতায় পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগের তত্ত্বাবধানে বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো কর্তৃক National Strategy for the Development of Statistics (NSDS) বা 'জাতীয় পরিসংখ্যান উন্নয়ন কৌশলপত্র প্রণয়ন করা হয়। ২৮ অক্টোবর ২০১৩ খ্রি.

তারিখে মন্ত্রিপরিষদ কর্তৃক ‘National Strategy for the Development of Statistics (NSDS) অনুমোদিত হয়।

উক্ত NSDS বাস্তবায়নের লক্ষ্যে বিবিএস বিশ্বব্যাংকের আর্থিক সহায়তায় ‘National Strategy for the Development of Statistics (NSDS) Implementation Support Project’ নামে একটি প্রকল্প গ্রহণ করা হয়।

**এক নজরে এনএসডিএস ইমপ্লিমেন্টেশন সাপোর্ট প্রজেক্ট:**

| | | | |
|---|---|---|---|
| **ক.** | **প্রকল্পের নাম** | : | এনএসডিএস ইমপ্লিমেন্টেশন সাপোর্ট প্রজেক্ট |
| **খ.** | **প্রকল্পের মেয়াদ** | : | মার্চ ২০১৮ হতে ফেব্রুয়ারি ২০২২ খ্রি. |
| **গ.** | **টিএপিপি অনুমোদন** | : | ০৫ জুন ২০১৮ খ্রি. |
| **ঘ.** | **প্রকল্পের প্রশাসনিক অনুমোদন** | : | ২৫ জুন ২০১৮ খ্রি. |
| **ঙ.** | **বিশ্বব্যাংক কর্তৃক ১ম অর্থ ছাড়** | : | ২৭ মে ২০১৯ খ্রি. |

**প্রকল্পের লক্ষ্য ও উদ্দেশ্য:**

এনএসডিএস ইমপ্লিমেন্টেশন সাপোর্ট প্রকল্পটির লক্ষ্য ও উদ্দেশ্য নিম্নরূপ:

- বাংলাদেশ সরকার কর্তৃক গৃহীত ও মন্ত্রিপরিষদ কর্তৃক অনুমোদিত জাতীয় পরিসংখ্যান উন্নয়ন কৌশলপত্র (NSDS) বাস্তবায়নে সহায়তা করা। এর দ্বারা বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর সার্বিক সক্ষমতা বৃদ্ধির মাধ্যমে আন্তর্জাতিক মানসম্পন্ন পরিসংখ্যান প্রণয়নের দ্বার উন্মোচিত হবে। নীতিনির্ধারক, পরিকল্পনাবিদসহ অন্যান্য তথ্য-উপাত্ত ব্যবহারকারীগণ যথাসময়ে মানসম্পন্ন সঠিক ও নির্ভরযোগ্য পরিসংখ্যান পাবে।

- সীমাবদ্ধ সম্পদের সর্বোত্তম ব্যবহারের মাধ্যমে পরিসংখ্যান প্রস্তুতের লক্ষ্যে জরিপের পরিবর্তে ‘প্রশাসনিক উৎস’ থেকে নিয়মিত তথ্য সংগ্রহের জন্য তথ্য প্রস্তুতকারি বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগ/দপ্তর/ অধিদপ্তরের সাথে প্রাতিষ্ঠানিক সম্পর্ক স্থাপন করা এবং এ লক্ষ্যে সমঝোতা স্মারক (MoU) স্বাক্ষর করা ।

- দ্রুততম সময়ে তথ্য সংগ্রহ, সংকলন, প্রক্রিয়াকরণ ও বিশ্লেষণের মাধ্যমে যথাসময়ে প্রতিবেদন প্রকাশের লক্ষ্যে তথ্য সংগ্রহ থেকে রিপোর্ট প্রকাশ পর্যন্ত সামগ্রিক প্রক্রিয়া স্বয়ংক্রিয় করার লক্ষ্যে একটি Comprehensive ICT পরিকল্পনা প্রণয়ন করা;

- দাপ্তরিক পরিসংখ্যান প্রণয়ন একটি টেকনিক্যাল বিষয়। এ কাজ সঠিকভাবে সম্পাদনের জন্য দক্ষ জনবল অপরিহার্য। তাই বিবিএস-এ কর্মরত সকল ধরনের জনবলকে দেশে-বিদেশে নিয়মিত প্রশিক্ষণের মাধ্যমে দক্ষ জনবল হিসেবে গড়ে তোলা;

- সঠিক, নির্ভরযোগ্য, আন্তর্জাতিক মানসম্পন্ন পরিসংখ্যান প্রণয়নের লক্ষ্যে বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো কর্তৃক পরিচালিত প্রধান প্রধান (core) জরিপসহ অন্যান্য পরিসংখ্যানগত কার্যক্রমের পরিচালনা পদ্ধতি (Methodology) পরীক্ষা-নিরীক্ষাপূর্বক যুগোপযোগী করা;

- বিবিএস কর্তৃক প্রস্তুতকৃত পরিসংখ্যান দ্রুত ও সহজে জনগণের দোরগোড়ায় পৌঁছানোর লক্ষ্যে তথ্য প্রকাশনা পদ্ধতি আধুনিকায়ন।

**প্রকল্পের আওতায় ইতোমধ্যে সম্পাদিত কার্যক্রম:**

- বিবিএস এর উপজেলা, জেলা ও বিভাগ পর্যায়ের কর্মকর্তাগণকে নিয়ে গত ২৪ ফেব্রুয়ারি ২০১৯ **‘সমৃদ্ধির অগ্রযাত্রায় বাংলাদেশ: পরিসংখ্যানের ভূমিকা’** শীর্ষক মতবিনিময় সভা করা হয়। উক্ত সভায় মাননীয় প্রধানমন্ত্রীর রাজনৈতিক উপদেষ্টা জনাব এইচ টি ইমাম প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন।

- গত ২৩ জুন ২০১৯ প্যান প্যাসিফিক সোনারগাঁও হোটেলে এবং ২৪ জুন ২০১৯ তারিখ বিবিএস এর কনফারেন্স রুমে Launching Workshop আয়োজন করা হয় যেখানে Statistics, Singapore থেকে ১জন, Statistics, Bhutan এর প্রধানসহ উক্ত সংস্থা থেকে ০২ জন এবং UNSIAP এর প্রধান অংশগ্রহণ করেন। তাছাড়া, Statistics, Canada এর প্রধান ভিডিও বার্তা প্রদান করেন।

- Household Income and Expenditure Survey 2020-21 এর উপর ওয়াশিংটনে অবস্থিত বিশ্বব্যাংকের সদর দপ্তর এবং শিল্প ও শ্রমশক্তি পরিসংখ্যান এর উপর Bureau of Labour Statistics (BLS), ওয়াশিংটন, মার্কিন যুক্তরাষ্ট্রে গত ০৯ -১৩ সেপ্টেম্বর ২০১৯ তারিখে প্রকল্প থেকে প্রশিক্ষণের ব্যবস্থা করা হয় যেখানে বিবিএস এর ০৮ (আট) জন কর্মকর্তা অংশগ্রহণ করেন।
- বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর নিয়মিত ও অন্যতম গুরুত্বপূর্ণ কাজ হলো কৃষি পরিসংখ্যান সংগ্রহ, সংকলন ও প্রকাশ করা। এ বিষয়ে কর্মকর্তা কর্মচারীগণকে প্রশিক্ষণ প্রদানের গুরুত্ব অপরিসীম। সে জন্য মৌলিক কৃষি পরিসংখ্যানের উপর ২৫-২৮ জুন ২০১৯ তারিখে বিবিএস এর প্রধান কার্যালয়ে এবং ৩০ জুন- ০৩ জুলাই ২০১৯ তারিখ পর্যন্ত মাঠ পর্যায়ে বিভাগীয় কার্যালয়ে ২ ধাপে (৪দিন+৪দিন) মোট ৮ দিনব্যাপী প্রায় ৫০০ জন কর্মকর্তা/কর্মচারীকে প্রশিক্ষণ প্রদান করা হয়। ২০২১ সালের এপ্রিল মাসেও এ ধরনের আরো একটি বড় আকারের প্রশিক্ষণের ব্যবস্থা গ্রহণ করা হবে। এছাড়াও বিবিএস এর কর্মকর্তাগণের শুমারি/ জরিপের তথ্য উপাত্ত প্রক্রিয়াকরণ ও বিশ্লেষণে দক্ষতা বৃদ্ধির লক্ষ্যে STATA সফটওয়্যারের উপর ১ম দফা (নভেম্বর ২০২০) ২৪ জন এবং ২য় দফা (মার্চ ২০২১) ২২ জনকে নিবিড় প্রশিক্ষণ প্রদান করা হয়। প্রকল্পটির আন্তর্জাতিক পরামর্শক প্রতিষ্ঠান DevStat নিজস্ব অর্থায়নেও ইতোমধ্যে বিভিন্ন প্রশিক্ষণ প্রদান কার্যক্রম শুরু করেছে।

- এ প্রকল্পের আওতায় ‘পরিসংখ্যান আইন ২০১৩’ এর ইংরেজী অনুবাদ সম্পন্ন করা হয়েছে যা গত ০৮ সেপ্টেম্বর ২০২০ তারিখে গেজেট আকারে প্রকাশিত হয়েছে।

. ঘঝউঝ এর আলোকে ঘধঃরড়হধষ অফারংড়ৎু ঈড়ঁহপরষ ড়হ ঝঃধঃরংঃরপং (ঘঅঈঝ) এর গঠন ও কার্যাবলীর খসড়া প্রণয়নপূর্বক গত ১১ নভেম্বর ২০১৯ তারিখ পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগে প্রেরণ করা হয়। মাননীয় প্রধানমন্ত্রী’র সানুগ্রহ সম্মতি প্রাপ্তির পর মন্ত্রিপরিষদ বিভাগের তত্ত্বাবধানে গত ১২ জানুয়ারি ২০২১ তারিখে কাউন্সিলটি বাংলাদেশ গেজেটের অতিরিক্ত সংখ্যায় প্রকাশিত হয়।

- পরিসংখ্যান ব্যবহারকারী/প্রস্তুতকারী অন্যান্য সরকারি প্রতিষ্ঠানের সাথে তথ্য-উপাত্ত আদান প্রদান সংক্রান্ত Memorandum of Understanding (MoU) স্বাক্ষর করার লক্ষ্যে খসড়া প্রণয়নের কাজ চলছে। পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ হতে ১২ টি মন্ত্রণালয়/বিভাগ/সংস্থার সাথে MoU স্বাক্ষর করার জন্য অনুমোদন প্রদান করা হয়েছে। অনুমোদিত ১২ টি সংস্থার সাথে ইতোমধ্যে মহাপরিচালক, বিবিএস এর সভাপতিত্বে সভা অনুষ্ঠিত হয়েছে। বর্তমানে MoU স্বাক্ষরের বিষয়টি চলমান।

- দারিদ্র্যের হার ও এর গতি প্রকৃতি এবং খানার আয় ব্যয় নির্ণয় সম্পর্কিত বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর অত্যন্ত গুরুত্বপূর্ণ ‘খানার আয় ব্যয় জরিপ ২০২০-২১ (Household Income and Expenditure Survey 2020-21’ এর প্রি -পাইলটিং জরিপ এ প্রকল্পের আর্থিক ও কারিগরি সহায়তায় সম্পাদন করা হচ্ছে। ইতোমধ্যে অত্র প্রকল্পের মাধ্যমে গত ৬-৮ জানুয়ারি ২০২০ তারিখে HIES প্রকল্পের **খসড়া** Questionnaire **প্রণয়ন**, Sampling Frame Selection ও Modes of Data Collection **নির্ধারণে একটি ওয়ার্কশপের আয়োজন করা হয় এবং সে আলোকে মাঠ পর্যায়ে প্রি পাইলটিং এর লিস্টিং সম্পন্ন করা হয়েছে। বর্তমানে পাইলটিং কার্যক্রমের প্রস্তুতি গ্রহণ করা হচ্ছে।**

- কর্মসংস্থান, বেকারত্ব, শ্রম বিভাজন ও পেশাভিত্তিক জনবল নির্ণয়ে বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর অন্যতম 'শ্রম শক্তি জরিপ ২০২০-২১ (Labour Force Survey 2020-21) এর প্রশ্নমালা প্রণয়ন ও পাইলটিং কার্যক্রম সম্পাদনে এ প্রকল্প কারিগরি ও আর্থিক সহযোগিতা করে যাচ্ছে। ইতোমধ্যে অত্র প্রকল্পের মাধ্যমে গত ১৮-২১ ডিসেম্বর ২০১৯ তারিখে LFS এর **খসড়া** Questionnaire **প্রণয়ন**, Sampling Frame Selection **ও** Modes of Data Collection **নির্ধারণে একটি ওয়ার্কশপের আয়োজন করা হয় এবং উক্ত কর্মশালায় আন্তর্জাতিক বিশেষজ্ঞ ও বিশ্ববিদ্যালয়ের শিক্ষকগণ অংশগ্রহণ করেন।**
- বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর বিভিন্ন শুমারি ও জরিপে ব্যবহৃত সংজ্ঞা (Definitions) ও ধারণা (Concepts) কে এসডিজি'র আলোকে প্রমিতকরণের কাজ এগিয়ে চলছে। ইতোমধ্যে প্রকল্পের উইংভিত্তিক ফোকাল পয়েন্ট কর্মকর্তাগণের সহযোগিতায় খসড়া প্রতিবেদন প্রস্তুত করা হয়েছে। খসড়াটি বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর সংশ্লিষ্ট পরিচালক এবং দেশীয় বিশেষজ্ঞগণের সহযোগিতায় চূড়ান্ত করা হয়েছে। বর্তমানে চূড়ান্ত খসড়াটি ভ্যালিডেশনের জন্য সংশ্লিষ্ট সকল মন্ত্রণালয়/ বিভাগ/ দপ্তর ও সংস্থায় প্রেরণ করা হয়েছে। এ কাজটি বাস্তবায়ন হলে বিভিন্ন শুমারি ও জরিপের মধ্যে ব্যবহৃত সংজ্ঞা ও ধারণা সম্পর্কিত মৌলিক পার্থক্যাদি দূরীভূত হবে এবং তথ্য-উপাত্তের মান অধিকতর গ্রহণযোগ্য হবে। কাজটি এপিএ এর অন্তর্ভূক্ত হওয়ায় আগামী জুন ২০২১ এর মধ্যে অবশ্যই প্রকাশনা আকারে প্রকাশ করতে হবে।
- প্রকল্পের ০৪টি Component বাস্তবায়নের লক্ষ্যে ইতোমধ্যে আন্তর্জাতিক পরামর্শক প্রতিষ্ঠান (DevStat) নিয়োগ করা হয়েছে এবং গত ০৮ এপ্রিল ২০২০ তারিখে অনলাইনে তাদের সাথে চুক্তি স্বাক্ষর করা হয়েছে। প্রতিষ্ঠানটি বিবিএস এর বিভিন্ন শুমারি ও জরিপের বর্তমান কার্যপদ্ধতি আন্তর্জাতিক রীতি- পদ্ধতি অনুযায়ী প্রমিতকরণের পাশাপাশি সুনির্দিষ্ট গাইডলাইন প্রস্তুত করবে। বিবিএস এর সদর দপ্তর ও মাঠ পর্যায়ে কর্মরত কর্মর্তা/কর্মচারীগণের দক্ষতা বৃদ্ধির লক্ষ্যে দেশীয় ও আন্তর্জাতিক পরিসরে পরিসংখ্যান সংক্রান্ত প্রশিক্ষণের ব্যবস্থা করবে। পরিসংখ্যানের যাবতীয় কর্মকান্ড ডিজিটালাইজেশনের নিমিত্ত পরামর্শক সংস্থাটি বিবিএস এর জন্য একটি বৃহৎ পরিসরে ICT প্ল্যান প্রস্তুত করবে যা ডিজিটাল বাংলাদেশ বিনির্মাণে সহায়তা করবে।
- এনএসডিএস ইমপ্লিমেন্টেশন সাপোর্ট প্রকল্পের আর্থিক সহযোগিতায় জনজীবনে কোভিড- ১৯ অভিঘাত সম্পর্কিত জরিপ 'Perception Survey on Livelihood 2020' পরিচালনা করা হয় যা কোভিড -১৯ কালীন বিবিএস পরিচালিক একমাত্র জরিপ। জরিপ থেকে প্রাপ্ত ফলাফল রাষ্ট্রের সর্বমহলে ব্যাপক প্রশংসিত হয়।

**প্রকল্পের আওতায় ২০২০-২১ অর্থবছরে চলমান কার্যক্রমসমূহ :**

- প্রকল্পের ০৪টি ঈড়সঢ়ড়হবহঃ বাস্তবায়নের লক্ষ্যে ইতোমধ্যে আন্তর্জাতিক পরামর্শক প্রতিষ্ঠান (উবাঝঃধঃ) নিয়োগ করা হয়েছে এবং গত ০৮ এপ্রিল ২০২০ তারিখে অনলাইনে তাদের সাথে চুক্তি স্বাক্ষর করা হয়েছে এবং ঞড়জ অনুযায়ী কার্যক্রম এগিয়ে চলছে। ইতোমধ্যে ১ম দফায় প্রেরিত ০৩ টি ডেলিভারেবল চূড়ান্ত করা হয়েছে এবং ২য় দফায় প্রেরিত ০৩ টি ডেলিভারেবল চূড়ান্ত করার কাজ চলছে।
- **আন্তর্জাতিক পরামর্শকের সহায়তায়** খধনড়ৎ ঋড়ৎপব ঝঁৎাবু (খঋঝ) এর **জরিপ পদ্ধতি** (ঝঁৎাবু গবঃযড়ফড়ষড়মু) **প্রমিতকরণ ও পাইলটিং কার্যক্রমে প্রয়োজনীয় সহায়তা প্রদান;**
- **আন্তর্জাতিক পরামর্শকের সহায়তায়** ঐড়ঁংবযড়ষফ ওহপড়সব ধহফ ঊীঢ়বহফরঃঁৎব ঝঁৎাবু (ঐওঊঝ) **এর জরিপ পদ্ধতির** (ঝঁৎাবু গবঃযড়ফড়ষড়মু) **প্রমিতকরণের লক্ষ্যে প্রয়োজনীয় সহায়তা প্রদান এবং পাইলটিং কার্যক্রমে সহায়তা প্রদান;**
- **পরিসংখ্যান ব্যবহারকারী/প্রস্তুতকারী অন্যান্য সরকারি প্রতিষ্ঠানের সাথে** গবসড়ৎধহফঁস ড়ভ টহফবৎংঃধহফরহম (গড়ট) **স্বাক্ষর কার্যক্রম সম্পন্নকরণ;**
- **বিবিএস এর সকল শুমারি ও জরিপে ব্যবহৃত** ঈড়হপবঢ়ঃং ও উবভরহরঃরড়হং **এসডিজি-র আলোকে প্রমিতকরণের খসড়া কার্যক্রমটি চূড়ান্ত প্রকাশনারূপে প্রকাশ।**

১৪.০ ন্যাশনাল হাউজহোল্ড ডাটাবেইজ (NHD):

**ভূমিকা:**

দারিদ্র দূরীকরণ বর্তমান সরকারের অন্যতম অগ্রাধিকার। সরকার অতিদ্রুত এবং কার্যকরভাবে দারিদ্র বিমোচনের লক্ষ্যে বিভিন্ন সামাজিক নিরাপত্তা কর্মসূচি গ্রহণ করেছে ও করছে। সরকারের বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগের মাধ্যমে বর্তমানে প্রায় ১৩২টি সামাজিক নিরাপত্তা কর্মসূচি বাস্তবায়ন করা হচ্ছে এবং বিগত বছরসমূহে ধারাবাহিকভাবে মোট দেশজ উৎপাদনের (Gross Domestic Product-GDP) শতকরা ২ ভাগের বেশি এখাতে বরাদ্দ রয়েছে। কিন্তু এসকল কর্মসূচি বাস্তবায়নের ক্ষেত্রে উপকারভোগী নির্বাচন করা প্রকৃতই একটি বড় চ্যালেঞ্জ। বিবিএস-এর খানার আয় ব্যয় জরিপের (HIES) ফলাফল বিশ্লেষণেও দেখা যায় যে, অনেক দরিদ্র জনগোষ্ঠী যেমন এসকল কর্মসূচির সুবিধা হতে বঞ্চিত হচ্ছে তেমনি দরিদ্র নয় এমন জনগোষ্ঠীও এসকল কর্মসূচির উপকারভোগী হিসেবে অন্তর্ভূক্ত হওয়ার সুযোগ পাচ্ছে। কর্মসূচিগুলোর উপকারভোগী নির্বাচনে কোনো একক ও সমন্বিত পদ্ধতিও নেই। বিভিন্ন জরিপ/গবেষণার ফলাফলে দেখা যায় যে, একই ব্যক্তি একাধিক কর্মসূচির সুবিধা ভোগ করছে (Duplication), পাশাপাশি অনেক দরিদ্র/হতদরিদ্র পরিবার কোনো কর্মসূচিতেই অন্তর্ভুক্ত হতে পারছে না। উল্লিখিত সামাজিক নিরাপত্তা কর্মসূচিতে ঠিকভাবে দরিদ্র জনগোষ্ঠীকে অন্তর্ভুক্তির লক্ষ্যে বিশ্বব্যাংক কর্তৃক Proxy Mean Test Formula (PMTF) শীর্ষক একটি মডেল উদ্ভাবন করা হয়েছে এবং গবেষণায় এটাও দেখা গেছে যে, প্রচলিত Targeting System-এর তুলনায় PMTF ব্যবহার করে উপকারভোগী বাছাই করলে তা অধিক কার্যকর হয়।

সরকারের অন্যান্য মন্ত্রণালয়/বিভাগ কর্তৃক বাস্তবায়নাধীন বিভিন্ন সামাজিক নিরাপত্তা কর্মসূচির উপকারভোগী নির্বাচনের সুবিধার্থে এবং কর্মসূচিগুলো আরো সুনির্দিষ্ট ও কার্যকরভাবে বাস্তবায়নের লক্ষ্যে সহায়ক-স্বরূপ পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগের আওতায় 'National Household Database-NHD (former Development of the Bangladesh Poverty Database)' শীর্ষক প্রকল্পের মাধ্যমে দেশের সকল জনগোষ্ঠীর আর্থ-সামাজিক তথ্যসংবলিত একটি ডাটাবেইজ প্রস্তুত করা হয়েছে ।

**প্রকল্পের উদ্দেশ্য:**

- দেশের সকল খানা ও খানার সদস্যগণের আর্থ-সামাজিক তথ্যসংবলিত একটি জাতীয় ডাটাবেইজ প্রণয়ন;
- Proxy Mean Test-Formula (PMTF)-এর মাধ্যমে খানার আর্থ-সামাজিক অবস্থার নির্দেশক স্কোর নির্ধারণ;
- অতিদরিদ্র জনগোষ্ঠীর উদ্দেশ্যে বাস্তবায়নাধীন সামাজিক নিরাপত্তা কর্মসূচিগুলোর উপকারভোগী নির্বাচনে দ্বৈততা (Duplication) পরিহারে সহায়তা করা;
- সরকারের বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগ কর্তৃক বাস্তবায়নাধীন সামাজিক নিরাপত্তা কর্মসূচিগুলোর উপকারভোগী নির্বাচন পদ্ধতি সহজীকরণ।

**একনজরে:**

| | | | |
|---|---|---|---|
| **প্রকল্পের নাম** | : | **ন্যাশনাল হাউজহোল্ড ডাটাবেইজ (এনএইচডি) প্রকল্প** | |
| **বাস্তবায়নকারী সংস্থা** | : | **বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো** | |
| **বাস্তবায়নকাল** | : | **১ জুলাই, ২০১৩ থেকে ৩০ জুন, ২০২১ খ্রি.** | |
| **প্রকল্পের বরাদ্দ** | : | **(১) জিওবি:** | **৪০ কোটি ৫৪ লক্ষ ৫২ হাজার টাকা** |
| | | **(২) আরপিএ:** | **৬৮৬ কোটি ৮০ লক্ষ ৪৮ হাজার টাকা** |
| | | **(৩) মোট:** | **৭২৭ কোটি ৩৫ লক্ষ টাকা** |

২০২০ সালে ন্যাশনাল হাউজহোল্ড ডাটাবেইজ (এনএইচডি) প্রকল্পের সম্পাদিত উল্লেখযোগ্য কর্মকান্ড:

- এনএইচডি প্রকল্পের আওতায় প্রণীতব্য ডাটাবেইজের ব্যবস্থাপনার জন্য দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তরাধীন SMoDMRPA (Strengthening of the Ministry of Disaster Management and Relief Program Administration) প্রকল্প কর্তৃক নিযুক্ত ফার্ম Synergy-Synesis (JV) কর্তৃক NHD MIS-এর বাস্তবায়নসংক্রান্ত কার্যক্রম দ্রুত সম্পাদনের লক্ষ্যে যোগাযোগ অব্যাহত রাখা ও তাগিদপ্রদান;

- গত ২৫/৮/২০২০ খ্রি. তারিখে ‘ন্যাশনাল হাউজহোল্ড ডাটাবেইজ (এনএইচডি) প্রকল্প’ কর্তৃক প্রস্তুত ডাটাবেইজের তথ্য ব্যবহারের জন্য বিবিএস এবং দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তরের মধ্যে তথ্য আদান-প্রদানের নিমিত্ত একটি সমঝোতা স্মারক (MoU) স্বাক্ষরিত হয়েছে।

২০২০ সনে ন্যাশনাল হাউজহোল্ড ডাটাবেইজ (এনএইচডি) প্রকল্পের সম্পাদিত উল্লেখযোগ্য কর্মকান্ড:

- প্রকল্পের আওতায় দেশের সকল খানা হতে ৩টি ফেইজে তথ্য সংগ্রহপূর্বক পূরণকৃত প্রশ্নপত্র স্ক্যানিং, ডাটা ক্যাপচারিং এবং ডাটা ক্লিনিং সম্পন্ন করে ডাটাবেইজ প্রস্তুতকরন;
- প্রস্তুতকৃত ডাটাবেইজ ব্যবস্থাপনার জন্য দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর কর্তৃক প্রস্তুতকৃত NHD-MIS System এর সার্ভারে ডাটা মাইগ্রেশন কার্যক্রম সম্পন্নকরন;
- HIES 2016 এর তথ্য উপাত্ত বিশ্লেষণ করে PMT Variable **এর** Weight **এবং** PMT Score প্রস্তুতের ক্ষেত্রে PMT Model নির্ধারণপূর্বক টেকনিক্যাল কমিটির অনুমোদন গ্রহণ;
- এনএইচডি প্রকল্পের মেয়াদ ০২ **(দুই)** বছর বৃদ্ধিপূর্বক গত ১৫ ডিসেম্বর **,** ২০১৯ খ্রি**.** তারিখে এনএইচডি প্রকল্পের টিপিপি’র ৩য় সংশোধনের প্রশাসনিক আদেশ জারীকরন;
- গত ২৬/১২/২০১৯ খ্রি. তারিখে এনএইচডি প্রকল্পের আওতায় প্রস্তুতকৃত ডাটাবেইজ ব্যবহারের জন্য বিবিএস এর সাথে পল্লী উন্নয়ন একাডেমী, বগুড়া এর সাথে কুড়িগ্রাম ও জামালপুর জেলার আর্থ-সামাজিক তথ্য আদান প্রদান এর নিমিত্ত একটি চুক্তি স্বাক্ষরকরন।

## ১৫.০ মডার্নাইজেশন অব ন্যাশনাল একাউন্টস স্ট্যাটিসটিকস প্রকল্প:

বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর বার্ষিক প্রতিবেদন ২০২০ এ সন্নিবেশিত করার জন্য ন্যাশনাল একাউন্টিং উইং এর আওতাধীন মডার্নাইজেশন অব ন্যাশনাল একাউন্টস স্ট্যাটিসটিকস প্রকল্পের কার্যাবলী (০১/০১/২০২০ – ৩১/১২/২০২০) নিম্নে সংযোজন করা হলো।

| | | | |
|---|---|---|---|
| ১। | প্রকল্পের নাম | : | “Modernization of National Accounts Statistics Project” |
| ২। | বাস্তবায়নকারী সংস্থা | : | বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো |
| ৩। | বাস্তবায়নকাল | : | এপ্রিল, ২০১৭ খ্রি. হতে জুন, ২০২১ খ্রি. |
| ৪। | আরম্ভ | : | এপ্রিল, ২০১৭ খ্রি. |
| ৫। | সমাপ্তি | : | জুন, ২০২১ খ্রি. |
| ৬। | প্রকল্পের উদ্দেশ্য | : | আন্তর্জাতিক গাইডলাইনে (SNA 1993/2008) বর্ণিত পদ্ধতি ও সুপারিশ অনুযায়ী জাতীয় আয় ও সংশ্লিষ্ট অন্যান্য নির্দেশক সমূহ আধুনিকায়ন (প্রস্তুত ও প্রকাশ) করা।<br>প্রকল্পের সুনির্দিষ্ট উদ্দেশ্যসমূহ-<br>(১) ISIC Rev-IV এর Classification অনুযায়ী GDP এর ভিত্তি বছর ২০০৫-০৬ হতে ২০১৫-১৬ তে পরিবর্তন (Rebase) ও হালনাগাদ (Revision) করা;<br>(২) জাতীয় আয় প্রাক্কলনের Methodological উন্নয়ন সাধন করা;<br>(৩) বিভিন্ন ভিত্তি বছরের বিপরীতে বিদ্যমান জাতীয় আয় সম্পর্কিত সকল নির্দেশক সমূহকে ২০১৫-১৬ ভিত্তি বছরে রুপান্তর ও ১৯৭২-৭৩ হতে বর্তমান সময় পর্যন্ত ডাটাবেইজ প্রস্তুত করা; |

| | | | |
|---|---|---|---|
| | | | (8) GDP ভিত্তি বছর পরিবর্তন ও হালনাগাদ (Rebase ও Revision) এর লক্ষ্যে চারটি সার্ভে পরিচালনা করা;<br>(ক) Private Commercial Mechanized/Non-Mechanized Land and Water Transport;<br>(খ) Occupied Residential Houses and Real Estate Services;<br>(গ) Tourism Satellite Account (TSA);<br>(i) Domestic Tourism Survey<br>(ii) Outbound Tourism Survey<br>(iii) Inbound Tourism Survey<br>(iv) Tourism Survey in Hotel & Restaurant. |
| ৭। | প্রাক্কলিত ব্যয় (লক্ষ টাকা) | : | মোট ১১০১.৮৭ লক্ষ টাকা |
| | | : | জিওবি ১১০১.৮৭ লক্ষ টাকা |
| | | : | বৈদেশিক মূদ্রা - নাই |
| ৮। | ২০১৯-২০২০ অর্থ বছরে কাজের অগ্রগতি (%) | : | মোট বরাদ্দ-২০৫.১০ লক্ষ টাকা, আর্থিক অগ্রগতি ১৩৫.১৫ লক্ষ টাকা ৬৫.৮৯%<br>বাস্তব অগ্রগতি ৮০% |
| ৯। | ১ জানুয়ারি, ২০২০ খ্রি. হতে ৩১ ডিসেম্বর, ২০২০ খ্রি. পর্যন্ত সম্পাদিত কার্যাবলী: | : | ১) Private commercial mechanized non-mechanized land and water transport survey এর মাঠ পর্যায়ের তথ্য সংগ্রহ, রিপোর্ট রাইটিং ও মুদ্রণ সম্পন্ন হয়েছে;<br>২) Tourism Satellite Account এর তথ্য সংগ্রহ, তথ্য ধারণ ও ট্যাবুলেশন কার্যক্রম (Inbound Tourism ব্যাতিত) সম্পন্ন হয়েছে;<br>৩) GDP রিবেইজিং সংক্রান্ত কার্যক্রম ৮৮% সম্পন্ন হয়েছে;<br>4) ১৯৭২-৭৩ সন হতে GDP সিরিজ হালনাগাদকরণে ১৯৯৫-৯৬ হতে ব্যাক সিরিজ প্রস্তুতের কাজ ২৭% সম্পন্ন হয়েছে। |

## ১৬.০ ইমপ্রুভমেন্ট অব জিডিপি কম্পাইলেশন এন্ড রিবেজিং অব ইন্ডিসিস প্রকল্প

| | | |
|---|---|---|
| **প্রকল্পের শিরোনাম** | : | **ইমপ্রুভমেন্ট অব জিডিপি কম্পাইলেশন এন্ড রিবেজিং অব ইন্ডিসিস প্রকল্প** |
| উদ্যোগী মন্ত্রণালয়/বিভাগ | : | পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ, পরিকল্পনা মন্ত্রণালয় |
| বাস্তবায়নকারী সংস্থা | : | বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো |
| পরিকল্পনা কমিশনের সংশ্লিষ্ট বিভাগ | : | আর্থসামাজিক অবকাঠামো বিভাগ |
| প্রকল্পের বাস্তবায়নকাল | : | মার্চ, ২০১৮ - জুন ২০২১ খ্রিস্টাব্দ |
| প্রকল্পের প্রাক্কলিত ব্যয় | : | ৯৮৬.৪৮ লক্ষ টাকা |

২০২০-২১ অর্থবছরের আরএডিপির বরাদ্ধ : ১০০.০০ লক্ষ টাকা

**প্রকল্পের পটভূমি:**

- বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো (বিবিএস) জাতীয় পরিসংখ্যান সংস্থা (NSO) হিসাবে বিভিন্ন আর্থ-সামাজিক এবং আর্থ-জনমিতিক তথ্য ও উপাত্ত সংগ্রহ, প্রক্রিয়াকরণ এবং পরিবেশন করে থাকে;
- বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো আন্তর্জাতিক গাইডলাইন (SNA 2008) অনুসরণে বাংলাদেশের মোট দেশজ উৎপাদন (GDP), জাতীয় আয় (GNI), মাথা পিছু আয়, ভোগ্য ব্যয়, বিনিয়োগ ব্যয় এবং সঞ্চয়সহ গুরুত্বপূর্ণ অর্থনৈতিক নির্দেশক সমূহ নিরুপণ করে থাকে;
- সামষ্টিক অর্থনৈতিক নির্দেশক সমূহকে সময় উপযোগী ও সঠিক পরিকল্পনা প্রনয়নের উপযোগী করার উদ্দেশ্যেই এ প্রকল্প হাতে নেওয়া হয়।

**প্রকল্পের উদ্দেশ্য সমূহ নিম্নরূপ:**

- প্রধান উদ্দেশ্য হচ্ছে বাংলাদেশের বর্তমান অর্থনৈতিক উন্নয়নের একটি চিত্র প্রদান করা যা GDP সংশ্লিষ্ট সূচকগুলির রিবেইজিং করে আরও ব্যাপক এবং সময়মত বার্ষিক জাতীয় হিসাব পরিসংখ্যান (NAS) প্রণয়ন করে।

**সুনির্দিষ্ট উদ্দেশ্য:**

- GDP rebase ও revision প্রক্রিয়ার পদ্ধতিগত উন্নয়ন সাধন করা।
- GDP compilation এর পদ্ধতিগত উন্নয়ন সাধন করা।
- ছয়টি ইন্ডেক্সের রিবেইজিং করা।
- GDP-র coverage বাড়ানোর জন্য দুটি জরিপ পরিচালনা করা।

**প্রকল্পের পরিসর/ব্যাপ্তি:**

এই প্রকল্পের অধীন দুটি জরিপ তিনটি ভাগে সম্পন্নের কার্যক্রম চলমান আছে।
জরিপ দুটি হলো-

(a) Survey on Marketed part of Agricultural Product

(b) Survey on Distributive Trade

(c) Survey on Cold Storage and Warehouse Activity

এছাড়াও ছয়টি ইন্ডেক্সের রিবেজিং এর কাজ চলমান আছে। ইন্ডেক্স ছয়টি নিম্নরুপ-

a) House Rent Index (HRI)
b) Consumer Price Index (CPI)
c) Wage Rate Index (WRI)
d) Building Materials Price Index (BMPI)
e) Quantum Index of Industrial Production (QIIP)
f) Producer Price Index (PPI)

**প্রকল্পের বাস্তব অগ্রগতি:**

**১৬.১.০ Survey on Distributive Trade and Marketed part of Agricultural Product**

**১.১ Survey on Marketed part of Agricultural Product**

- ❖ Survey on Distributive Trade and Marketed part of Agricultural Product জরিপের Marketed part of Agricultural Product অংশের চূড়ান্ত রিপোর্টের বাংলা অনুবাদ সম্পন্ন হয়েছে।
- ❖ চূড়ান্ত রিপোর্ট বাংলা অনুবাদসহ অনুমোদনের জন্য পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগে প্রেরণ করা হয়েছে।

**১৬.১.২ Survey on Distributive Trade**

- ❖ তথ্য উপাত্ত বিশ্লেষণের কার্যক্রম সম্পন্ন হয়েছে এবং সারণী প্রস্তুত করা হয়েছে।

**১৬.২.০ Survey on Cold Storage and Warehouse Activity**

Survey on Cold Storage and Warehouse Activity **জরিপের পূরণকৃত প্রশ্নপত্রের এডিটিং ও কোডিং এর কার্যক্রম চলমান আছে।**

**১৬.৩.০ ইনডেক্সসমূহ রিভাইজ এবং রিবেজিং**

**১৬.৩.১ Consumer Price Index (CPI)**

Consumer Price Index (CPI) **রিবেজিং কার্যক্রমে নতুন দরছক প্রস্তুত করা হয়েছে।**

**প্রস্তুতকৃত নতুন দরছকের উপর গত ১৫ ও ১৭ ডিসেম্বর, ২০২০ খ্রি. তারিখে মাস্টার ট্রেইনারগণকে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে এবং মাস্টার ট্রেইনারগণ আগামী ৩ ও ৪ জানুয়ারী, ২০২১ খ্রি. তারিখে মাঠ পর্যায়ে নতুন দরছকের উপর প্রশিক্ষণ প্রদান করবেন।**

**১৬.৩.২ Quantum Index of Industrial Production (QIIP) এবং Producer Price Index (PPI)**

- ✓ SMI 2018 **এর ডাটা ব্যবহার করে** weight **নির্ধারণ করা হয়েছে।**
- ✓ **জাতীয় শিল্পনীতি অনুযায়ী** weight **গুলোকে ভাগ করা হয়েছে।**
- ✓ 4-digit level-এ industry selection **এর কাজ চলছে।**

**১৬.৩.৩ অন্য ইন্ডেক্সগুলো হালনাগাদ করার কার্যক্রম চলমান আছে।**

## ১৭.০ সার্ভেস এন্ড স্ট্যাডিজ রিলেটিং টু জিডিপি রিবেইজিং ২০১৫-১৬

| | | |
|---|---|---|
| **প্রকল্পের শিরোনাম** | : | **সার্ভেস এন্ড স্ট্যাডিজ রিলেটিং টু জিডিপি রিবেইজিং ২০১৫-১৬** |
| উদ্যোগী মন্ত্রণালয়/বিভাগ | : | পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ, পরিকল্পনা মন্ত্রণালয় |
| বাস্তবায়নকারী সংস্থা | : | বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো |
| পরিকল্পনা কমিশনের সংশ্লিষ্ট বিভাগ | : | আর্থসামাজিক অবকাঠামো বিভাগ |
| প্রকল্পের বাস্তবায়নকাল | : | জুলাই ২০১৭ - জুন ২০২১ খ্রি. |
| প্রকল্পের অনুমোদনের তারিখ | : | মার্চ, ২০১৮ |
| প্রকল্পের প্রাক্কলিত ব্যয় | : | ২৪১.০৮ লক্ষ টাকা |

**প্রকল্পের পরিসর/ব্যাপ্তি**

এই প্রকল্পের মাধ্যমে  নিম্নোক্ত প্রতিষ্ঠান সমূহের উপর পৃথক ২টি জরিপ এবং ৬টি কেস স্ট্যাডি পরিচালনা করা হবে:

**জরিপ**

(i) ট্রাভেল এজেন্ট, ট্যুর অপারেটর এবং ক্লিয়ারিং এন্ড ফরোয়ার্ডিং এজেন্ট (C & F agent);
(ii) বেসরকারী স্বাস্থ্য সেবা প্রতিষ্ঠান;

- বেসরকারী হাসপাতাল;
- বেসরকারী ক্লিনিক;
- বেসরকারী ডায়াগনস্টিক/প্যাথলজিক্যাল ল্যাব;

**কেস স্ট্যাডি**

- সিএনজি এবংএলপি গ্যাস ষ্টেশন
- মোবাইল মেরামত এবং ফ্লেক্সিলোড
- মোবাইল ব্যাংকিং এবং এজেন্ট ব্যাংকিং
- বিজ্ঞাপন এবং বাজার গবেষণা (অফাবৎঃরংরহম ধহফ গধৎশবঃ ৎবংবধৎপয)
- প্যাকেজিং ইন্ডাষ্ট্রি
- গবেষণা ও উন্নয়ন (জবংবধৎপয ধহফ উবাবষড়ঢ়সবহঃ)

**প্রকল্পের উদ্দেশ্য সমূহ নিম্নরূপ:**

- ট্রাভেল এজেন্ট, ট্যুর অপারেটর এবং ক্লিয়ারিং, ফরোয়ার্ডিং এজেন্ট (C & F agent), বেসরকারী স্বাস্থ্য সেবা প্রতিষ্ঠান, সিএনজি ষ্টেশন, মোবাইল মেরামত, ফ্লেক্সিলোড, মোবাইল ব্যাংকিং, প্যাকেজিং ইন্ডাষ্ট্রি, বিজ্ঞাপন এবং বাজার গবেষণা (Advertising and Market research), গবেষণা ও উন্নয়ন (Research and development) প্রতিষ্ঠানে
- নিয়োজিত মোট জনবলের আকার এবং প্রতিষ্ঠানসমূহ প্রতিষ্ঠান কর্তৃক প্রদত্ত বেতন ভাতাদি নিরূপণ;
- প্রতিষ্ঠানসমূহের মোট আউটপুট (Output) এবং মোট মধ্যবর্তী ব্যয় (Intermediate consumption) নিরূপণ;
- প্রতিষ্ঠানসমূহের স্থূল মূল্য সংযোজন (Gross Value Added) নিরপণ;
- প্রতিষ্ঠানসমূহের স্থায়ী মূলধন গঠনের (Gross Fixed Capital Formation) আকার নিরূপণ;

**প্রকল্পের কাজের বাস্তব অগ্রগতি:**

| ক্রমিক নং | কাজের ধরণ | অগ্রগতি |
|---|---|---|
| ০১ | বেসরকারি স্বাস্থ্য সেবা প্রতিষ্ঠান জরিপ | বেসরকারি স্বাস্থ্য সেবা (হাসপাতাল,ক্লিনিক ও ডায়াগনস্টিক/প্যাথলজিক্যাল ল্যাব) প্রতিষ্ঠান জরিপ এর তথ্যাবলি প্রসেসিং, তথ্য বিশ্লেষণ, টেবিল প্রস্তুত এবং খসড়া রিপোর্ট প্রস্তুত করা হয়েছে। |
| ০২ | **কেসস্টাডিসমূহ** (১.সিএনজি এবংএলপি গ্যাস ষ্টেশন,২. | তিনটি কেস স্টাডির মাঠ পর্যায় হতে তথ্য সংগ্রহ, |

| | | |
|---|---|---|
| | মোবাইল মেরামত এবং ফ্লেক্সিলোড ও ৩.বিজ্ঞাপন এবং বাজার গবেষণা) | সংগৃহীত তথ্যের কোডিং, এডিটিং, এন্ট্রি ও প্রসেসিং, ডাটা বিশ্লেষণ এর কাজ সম্পন্ন হয়েছে। |
| ০৩ | **কেসস্টাডিসমূহ** (১.মোবাইল ব্যাংকিং এবং এজেন্ট ব্যাংকিং,২. প্যাকেজিং ইন্ডাষ্ট্রি ও ৩. গবেষণা ও উন্নয়ন) | তিনটি কেস স্টাডির সেম্পলিং ফ্রেম, খসড়া প্রশ্ন পত্র প্রণয়ন এবং প্রি-টেস্ট এর কাজ সম্পন্ন করা হয়েছে। |

## ১৮.০ স্ট্রেনদেনিং স্ট্যাটিসটিক্যাল ক্যাপাসিটি অব বিবিএস ফর কালেকটিং ডাটা অন পপুলেশন এন্ড ডেভলপমেন্ট প্রকল্প (Star-4 Dev):

পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগাধীন, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর 'স্ট্রেনদেনিং স্ট্যাটিসটিক্যাল ক্যাপাসিটি অব বিবিএস ফর কালেকটিং ডাটা অন পপুলেশন এন্ড ডেভলপমেন্ট' প্রকল্পের আওতায় গত ০১ জানুয়ারি থেকে ৩১ ডিসেম্বর ২০২০ পর্যন্ত সম্পাদিত কার্যাবলি নিম্নরূপঃ-

০১। প্রকল্পের আওতায় উপকূলীয় ১৫টি জেলার মাঠ পর্যায়ে তথ্য সংগ্রহ শেষে Disaster Prone Area Atlas তৈরীর অংশ হিসেবে বাগেরহাট, খুলনা, সাতক্ষীরা, কক্সবাজার ও চট্টগ্রাম (অংশ) জেলার মাঠ পর্যায়ে তথ্য সংগ্রহের কাজ সম্পন্ন করা হয়েছে।

০২। নোয়াখালী, লক্ষীপুর, চাঁদপুর ও ফেনী জেলার Disaster Prone Area Atlas প্রস্তুত করে প্রকাশ করা হয়েছে। যা বিবিএস এর Website-এ আপলোড করা হয়েছে।




চাঁদপুর জেলার Disaster Prone Area Atlas;

০৩। Bangladesh Geographical Information System Platform (BGISP) এর উপর বার্ষিক কার্যক্রম পর্যালোচনা ও BGISP প্রতিষ্ঠানিকীকরণ এর লক্ষ্যে ১৮/০৮/২০২০ ও ৩০/০৯/২০২০ তারিখে দুইটি সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভায় সচিব, পরিসংখ্যান

ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ উপস্থিত ছিলেন। এছাড়াও BGISP গাইড লাইন চূড়ান্ত করণের লক্ষ্যে ২১/১২/২০২০ তারিখে গাইড লাইন উপকমিটি বিষয়ক একটি সভা করা হয়।



সচিব, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ, মহোদয়ের সভাপতিত্বে BGISP-এর উপর ১৮/০৮/২০২০ ইং তারিখের অগ্রগতি সভার চিত্র;

০৪। REDATAM Software ব্যবহার পূর্বক বিবিএস এর বিভিন্ন শুমারি ও জরিপের তথ্য বিবিএস এর Website এ আপলোড করা হয়। তারই অংশ হিসেবে এ বছর বিবিএস এর ৫টি ডাটাসেট (অর্থনৈতিক শুমারি-২০১৩, ছিটমহল শুমারি-২০১৭, তাঁত শুমারি-২০১৮, Bangladesh Samplae Vital Registration System 2016, Householed Income & Expenditure Survey 2010 (HIES)) এর তথ্য আপলোড করা হয়;

০৫। জনশুমারি ও গৃহগণনা-২০২১ প্রকল্পের ডিজিটাল ম্যাপ ব্যবহারের লক্ষ্যে ঢাকা উত্তর ও দক্ষিণ সিটি কর্পোরেশন সংলগ্ন সাবেক ১৭টি ইউনিয়নকে উক্ত সিটি কর্পোরেশনদ্বয়ে ৩৬টি ওয়ার্ড হিসেবে অন্তর্ভূক্ত করা হয়েছে। শুমারি প্রতিবেদন প্রকাশের ক্ষেত্রে সর্বশেষ প্রশাসনিক এলাকাভিত্তিক ফলাফল প্রস্তুতের লক্ষ্যে উল্লিখিত এলাকার ডিজিটাল মৌজা/মহল্লা ম্যাপ হালনাগাদ, ম্যাপ প্রস্তুত এবং জিও কোড হালনাগাদ করা হয়েছে। এছাড়াও, নব গঠিত ময়মনসিংহ সিটি কর্পোরেশনে অন্তর্ভূক্ত ইউনিয়নসমূহের এরিয়েল ফটো ব্যবহার পূর্বক ডিজিটাল মৌজা/মহল্লা ম্যাপ সরেজমিনে পরিদর্শন পূর্বক মাস্টার কপি প্রণয়নের কাজ গত ০৪/০১/২০২০ থেকে ০৮/০১/২০২০ পর্যন্ত মাঠ পর্যায়ের কাজ শেষ হয়েছে।

০৬। জনশুমারি ও গৃহগণনা-২০২১ প্রকল্পের ম্যাপিং অপারেশনের জন্য ৮০,০০০ (আশি হাজার) ও ১ম জোনাল অপারেশনে ব্যবহারের নিমিত্ত আনুমানিক ১,২০,০০০ (এক লক্ষ বিশ হাজার) মৌজা ও মহল্লা ম্যাপ প্রিন্ট করে সরবরাহ করা হয়েছে।

## ১৯.০ মনিটরিং দ্যা সিচুয়েশন অব ভাইটাল স্ট্যাটিস্টিকস অব বাংলাদেশ (এমএসভিএসবি) প্রকল্প (৩য় পর্যায়) প্রকল্প:

বাস্তবায়নকারী সংস্থা: বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো

বাস্তবায়নকাল :১ জুলাই ২০১৯ হতে ৩০ জুন ২০২১ খ্রি.

প্রাক্কলিত ব্যয়ঃ ৪৪১০.৫২ লক্ষ টাকা

২০১৯-২০ অর্থবছরে কাজের অগ্রগতি (%) : (১) আর্থিক অগ্রগতিঃ ৯৩.৫৬% (২) বাস্তব অগ্রগতিঃ ৫০%

প্রকল্পের উদ্দেশ্যঃ

